

ଶ୍ରୀଶ୍ରୀଗୁରୁ-ଗୋରାନ୍ଦୀ ଜୟତଃ

ଓ ପରିବ୍ରାଜକାଚାର୍ଯ୍ୟବର୍ଯ୍ୟେଣ

।-ଶ୍ରୀଧର-ଦେବଗୋମ୍ବାମି-ମହାରାଜ-ବିଷ୍ଣୁପାଦେନ ବିରଚିତମ्

ପ୍ରେମ-ଧାର-ଦେବ-ସ୍ତୋତ୍ରମ्



ଚନ୍ଦ୍ର-ମାରସ୍ତ ମଠ, ନବଦୂପ ।

শ্রীকৃষ্ণগৌরাঙ্গে ও যতঃ

ও বিষ্ণুপাদ শ্রীল ভক্তিরদক শ্রীধর দেবগোস্বামী বিরচিতম্

শ্রীক্রিপ্রেম-ধাম-দেব-স্তোত্রম্

—:(*)—



অঞ্চতন্য-সারম্বত মঠ, নবদ্বীপ।

সম্পাদক, প্রকাশক ও মুদ্রাকর—

শ্রীগোবিন্দসুন্দর বিদ্যারঞ্জন

আচৈতন্ত্র-সারস্বত মঠ—নবদ্বীপ, নদীয়া।

১৫

ষষ্ঠি সংস্করণ—১৩৭৭

মুদ্রণালয় :—

সারস্বত জয়শ্রী প্রেস

কোলেরগঞ্জ, নবদ্বীপ।

শ্রীশ্রীগুরগৌরাঙ্গী জয়তঃ

—উৎসর্গ-পত্রম্—

শ্রীগদজিতকৃষ্ণাখ্যে। ব্রহ্মচারী চ দাসকঃ।

পুর্বং শ্রীগদধীরাখ্যে। মজুন্দার ইতীরিতঃ॥ ১

উৎসর্গীকৃতসর্বস্ত্রে। গুরুকৃষ্ণ-পদ। শুভে।

মনো-ধন-তন্ত্র-শ্রান্তা-গুরুসেবা-সদাভিতঃ॥ ২

রসাদি-বেদ-গৌরাঙ্গে। শুক্লাষাঢ়াষ্টমী-তিথো।

প্রাপ্তে। ধামরজোহচিত্ত্যং সেবাভিঃ সেবকেোভগঃ॥ ৩

পূত-সেবা-শূতেন্তস্ত্র। শ্রীসেবা-সৌরভ-প্রভোঃ।

সংরক্ষণে কৃতোৎসাহৈবিশশ্রেষ্ঠ-হিতায় চ॥ ৪

গৌর-গাথাময়-গ্রন্থঃ প্রেমধামস্তুবাখ্যকঃ।

প্রকাশিতোহত্র চৈতন্য-সারস্তত-মঠ। শ্রীতঃ॥ ৫

—মুখবন্ধ—

“শ্রী শ্রীপ্রেমধাম-দেব-স্তোত্রম্” মৰ্মানুবাদসহ গ্রন্থ
কারে প্রকাশের উন্নম এই প্রথম। ইতিপূর্বে ইহার
যৈকটি সংস্করণ ক্রমবর্দ্ধমান আকারে পারমার্থিক
অ ‘শ্রীগৌড়ীয়-দর্শনে’ প্রকাশিত হইয়াছে।

স্তোত্রটির রচয়িতা বিশ্ববরেণ্য আচার্য ভগবান
শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের
রামানুগ পার্বদ্রুবের মদীয় শ্রীগুরপাদপদ্ম ওঁ
বফুঁপাদ পরিভ্রাজকাচার্যবর্য অষ্টোন্তরশতশ্রী
শ্রীমন্তভিক্রমক শ্রীধর দেবগোস্বামী মহারাজ।
তাহার সংস্কৃতভাষায় রচিত “শ্রী শ্রীপঞ্জীবনামৃতম্”
গ্রন্থরাজ ও বিবিধছন্দে রচিত স্তবরত্নগুলি সুধীজন
কর্তৃক সমাদৃত ও শ্রীসারস্বত-গৌড়ীয়-বৈষ্ণবগণের
কঢ়হার কাপে বিরাজিত রহিয়াছেন। তাহার লিখিত
শ্রীশ্রীমন্তগবদ্ধগীতার মৌলিক ব্যাখ্যাও শ্রীগৌড়ীয়-
সম্প্রদায়ের এক মহামূল্য সম্পদ।

বর্তমান স্তোত্রটি ‘তৃণক’ ছন্দে বিরচিত। উক্ত
ছন্দে শ্রীশ্রীল রূপ প্রভু শ্রীযমুনাদেবীর ও শ্রীল
কৃষ্ণদাম কবিরাজ গোস্বামী প্রভু শ্রীরাধিকা ও
শ্রীকৃষ্ণচন্দ্রের সুমধুর স্তব রচনা করিয়াছেন।

ଶ୍ରୀଶ୍ରୀଗୌର-ମୁନ୍ଦରେର ଏହି ସ୍ତୋତ୍ରଟିର ବୈଶିଷ୍ଟ୍ୟ ଏହି
ଯେ, ଇହାତେ ତାହାର ସମଗ୍ର ଲୀଲା ଓ ‘ଅଚିନ୍ତ୍ୟଭେଦାଭେଦ-
ସିଦ୍ଧାନ୍ତ’ ସଂକେପେ ସନ୍ନିବିଷ୍ଟ ରହିଯାଛେ । ଇହାତେ
କାବ୍ୟ ଓ ଦର୍ଶନେର ଏକତ୍ର ମିଳନେ ଯେ ମାଧ୍ୟମ ଓ
ଗାନ୍ଧୀର୍ଯ୍ୟର ଅପୂର୍ବ ସମସ୍ୟା ସାଧିତ ହଉଁଥାଛେ, ତାହାତେ
ବିଦ୍ୱାନ୍ମଣ୍ଡଲୀ ସ୍ତୋତ୍ରଟିକେ ସ୍ଵାଭାବିକ ଭାବେଇ ଶ୍ରୀମନ୍ତାଗବତ
ଓ ଶ୍ରୀଚିତ୍ତ-ଚରିତାମୃତେର ଅନୁଗ ପର୍ଯ୍ୟାୟେ ଗଣନା କରିଯା
ଥାକେନ ।

ଶ୍ରୀମନ୍ତାମହାପ୍ରଭୁର ନବଦ୍ଵୀପ ଲୀଲାଯ ଶ୍ରୀନାମ ପ୍ରଚାର
ଅସଙ୍ଗେ ଶକ୍ତାର୍ଥ-ବିଚାରେ ଦୁର୍ଲଭ ଫୋଟୋବାଦେର ମୌଲିକ
ଦିଗ୍ଦର୍ଶନ, ବାରାଣସୀଧାମେ ବିଦ୍ୱିସଭାଯ ବେଦାନ୍ତ-
ବିଚାରେ ତତ୍ତ୍ଵାତ୍ୟ ଶ୍ରୀମନ୍ତାଗବତେର ଚତୁଃଶ୍ଲୋକୀ-ବ୍ୟାଖ୍ୟାୟ
ଅଦ୍ସ୍ୟତତ୍ତ୍ଵେର ସ୍ଵରୂପ-ନିର୍ଣ୍ଣୟ ମୂଳ ଆନନ୍ଦମୟତତ୍ତ୍ଵେର
ସ୍ଵତଃସିଦ୍ଧ ବିଲାସମୟତ୍ସ ସଂସ୍ଥାପନେ ନନ୍ଦନନ୍ଦନତ୍ସ ଓ ସର୍ବରମ-
ସମାହାର ରମରାଜତତ୍ତ୍ଵେର ରାମବିଲାସୀ ସ୍ଵରୂପେର ପ୍ରତି-
ପାଦନ, ଏବଂ ସ୍ଵଭଜନ-ବିଭଜନ-ପ୍ରୟୋଜନାବତାରୀର ମୂଳ
ଅଦ୍ସ୍ୟାନନ୍ଦତ୍ସ ସିଦ୍ଧି ନୃତ୍ୟକୀର୍ତ୍ତନତମ୍ଭ ଶ୍ରୀଗୌରତତ୍ତ୍ଵେଇ—
ଏହି ସମସ୍ତ ଦୁର୍ଲଭ ତତ୍ତ୍ଵ ସିଦ୍ଧାନ୍ତଶ୍ଳେଷି ଯେ ପ୍ରକାର ଶ୍ରୁତି
ସହସ୍ରାଗେ ପ୍ରଦର୍ଶନ ପୂର୍ବକ ଯୁଗପଂ ମାୟାବାଦୀର ଅବୈତ
ସିଦ୍ଧିର ଅମାରତା ଓ ହେଯତା ଏବଂ ଅଚିନ୍ତ୍ୟ-ଭେଦାଭେଦ-

সিন্ধান্তের ভগবৎপ্রেমময় জীবনের সর্বোত্তমতার দিগ্দৰ্শন করিয়াছেন, তাহাতে সুধীজন ও সুমেধগণ বিস্মিত ও পরিতৃপ্ত হইবেন সন্দেহ নাই। এ সিন্ধান্ত-বিচার-প্রসঙ্গে শ্রীচৈতন্য-চরিতামৃতেব নিম্নলিখিত নিগৃতার্থক পয়ারটির উদ্ধৃতির লোভ সম্বরণ করিতে পারিতেছি না।

‘কৃষ্ণলীলামৃতসার
তার শত শত ধার
দশদিক বহে যাহা হইতে।

সে চৈতন্য-লীলা হয়
সরোবর অক্ষয়
মনোহংস চরাহ তাহাতে ॥’

স্তোত্রটির রসমাধুর্ব্যেও কবি জনচিত্ত সমান ভাবেই সমাকৃষ্ট। ইহা যেমন সুখপাঠ্য, সুশ্রাব্য ও হৃদয়দ্রাবী, তেমন-ই হৃদয়গ্রাহী ও সুখাস্থাদী। কি শ্রীমন্মহা-প্রভুর আবির্ভাব, কি শ্রীরূপ-বর্ণনা, কি বাল্যলীলা, কি কৌতুন প্রচার, কি সন্ন্যাসলীলা, কি দাক্ষিণ্যাত্য-ভ্রমণলীলা, কি রামানন্দ-সংবাদ, কি বাড়খণ্ডপথে শ্রীবৃন্দাবন যাত্রা, কি অপূর্ব ব্রজভ্রমণ-লীলা কি শ্রীনীলাচলে দিব্যোন্মাদ, কি সিদ্ধভ্রমণ-লীলা প্রভৃতির বর্ণনে—সর্বত্রই যেন এক হৃৎকর্ণ-রসায়নের মহা-মহোৎসব চলিতেছে। ইহা সুধী-পাঠককে শ্রীরূপ-

রঘুনাথের পরমানুগচরিত শ্রীচৈতন্যচরিতামৃতকারের অমৃতপ্রবাহে মুহূর্ত অভিষ্ঠাত করাইয়া ধন্ত করে। বস্তুতঃপক্ষে এই প্রকার স্বল্পিত ছন্দে শ্রীমদ্বাপ্রভুর সংক্ষিপ্ত সমগ্র লীলাশুধার সঙ্গে সঙ্গে প্রভু-প্রদত্ত সিদ্ধান্তালোকের অপূর্ব সমষ্টিয়ে প্রকটিত এই প্রকারের শুদ্ধীর্ষ স্তোত্ররত্ন জগতে নিতান্তই বিরল। ইহা সত্য সত্যই শ্রাসারম্ভত-গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারের একটি অমূল্য রুম্ভ।

স্তোত্রটি যাহাতে অনায়াসে সঙ্গে রাখা যায়, তজ্জন্মই ইহা লঘু অবয়বে প্রকাশ করা হইল। বলা বাহ্যিক গ্রন্থ-প্রকাশের ভূল ক্রটীর দায় সম্পূর্ণই এই অধ্যমের। তজ্জন্ম পরমারাধ্য স্তোত্রকার ও সহস্রয় পাঠকের নিকট মার্জনা ভিক্ষা করিতেছি।

পরিশেষে সুধী পাঠকবর্গের সমীপে আমাদের হাদী প্রার্থনা এই যে, তাহারা শ্রদ্ধাভরে এই স্তোত্রটির উপযুক্ত অনুশীলন পূর্বক মাদৃশ দীনাধমকে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গের কৃপাকটাক্ষ ভাজন করিয়া ধন্তাতিধন্ত করিবেন। অলমতি বিস্তরেণ।

বিনীত

সম্পাদক

শ্রীশ্রীগুরোঁরাঞ্জ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্মামী বিরচিতম্
শ্রীশ্রীপ্রেম-ধাম-দেব-স্তোত্রম্

—ঃ(*)ঃ—

দেব-সিদ্ধ-মুক্ত-যুক্ত-ভক্ত-মূল্দ-বল্দিতঃ
পাপ-তাপ-দাব-দাহ-দক্ষ-দুঃখ-ধার্ডিতম্।
কৃষ্ণ-নাম-সীমু-ধাম-ধনা-দান-সাগরঃ
প্রেম-ধাম-দেবমেৰ বৌমি গৌর-সুন্দরম্॥ ১

মন্ত্রাবুবাদ— দেবগণ, সিদ্ধ, মুক্ত, যোগিগণ ও ভগবৎ
ভক্তগণসর্বদা যাহার স্তব করিতেছেন, (সদোপাস্ত...
... পরমেষ্ঠি-প্রভৃতিভিঃ) ও যিনি (ঈশ-বৈমুখ্যকূপ)
অপকর্ম জাত (ভুক্তি-মুক্তি-সিদ্ধি-কামনা-জনিত)
ত্রিতাপ দাবানলে দক্ষ বিশ্বের দাহজ্বালা খণ্ডনকারী,
শ্রীকৃষ্ণনামকূপ সুধা-ভাণ্ডারের স্বনাম-ধন্ত দানসাগর-
স্বরূপ (সুধাকরের জন্ম ক্ষীর সাগর)—সেই দেবতা
প্রেমময়-মূর্তি শ্রীগোরাঞ্জ-সুন্দরেরট আমি স্তব
করি ॥ ১

স্বর্ণ-কোটি-দর্পণাভ-দেহ-বর্ণ-গৌরবং
 পদ্ম-পারিজাত-গঙ্ক-বল্দিতাঙ্গ-সৌরভম্ ।
 কোটি-কাষ্ঠ-মুক্তিতাঞ্জি-কৃপ-রাস-রূপরং
 প্রেম-ধাম-দেবমেৰ বৌমি গৌর-সুন্দরম্ ॥ ২

প্রেম-নাম-দান-জন্য-পঞ্চ-তত্ত্বকাঞ্চকৎ^১
 সাঙ্গ-দিবা-পার্ষদাঙ্গ-বৈভবাবতারকম্ ।
 শ্যাম-গৌর-নাম-গান-নৃত্য-মত্ত-বাগরং
 প্রেম-ধাম-দেবমেৰ বৌমি গৌর-সুন্দরম্ ॥ ৩

কাঞ্চনবর্ণের কোটিশুণ তেজোময়-দর্পণ-সদৃশ
 (যাহাতে প্রতিফলন লক্ষিত হয়) যাহার শ্রীঅঙ্গ-
 লাবণ্যের মহিমা, (পার্থিব) পদ্মগঙ্ক ও (স্বর্গীয়)
 পারিজাত-গঙ্ক মুক্তিমান হইয়া যাহার শ্রীঅঙ্গ-সৌরভের
 স্তব করিতেছে, এবং কোটি কোটি কন্দর্প যে শ্রীরূপের
 চরণতলে (বিশ্ববিক্রিত নিজ রূপাভিমানে নিদারণ
 আঘাতে) মুক্তি অবস্থায় পতিত—সেই রূপের
 আবার রাস-বিলাস (বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গের ভাব-
 বিলাসময় বিচিত্র ছন্দের স্পন্দন সৌষ্ঠব) প্রদর্শনীর

শান্তি-পুর্য়াশ-কল্যাপস্থি-দুঃখ-দুসহঃ
 জীব-দুঃখ-ছান-ভক্তি-সোথাদাত-বিগ্রহম্ ।
 কল্যাপোঘ-তাশ-কৃষ্ণ-নাম-সীপু-সপ্তরঃ
 প্রেম-প্রাম-দেবমেব লৌমি গৌর-সুন্দরম্ ॥ ৪

বিতান-বিগ্রহ যিনি—সেই দেবতা প্রেমময়-মূর্তি
 শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরট আমি স্তব করি ॥ ২

পঞ্চম পুরুষার্থ শ্রীকৃষ্ণ-প্রেম ও তদেকসাধন স্বরূপ
 শ্রীকৃষ্ণনাম বিতবণের জন্ম যিনি পঞ্চ-তত্ত্বাত্মক
 নিজ স্বরূপ-বিলাসের প্রকাশ করিয়াছেন এবং নিজ
 সেই অশ্রাকৃত অঙ্গ, উপাঙ্গ, অন্ত্র ও পার্ষদ-সঙ্গে
 ভূতলে অবতরণ করিয়াছেন ও যিনি স্বয়ং সেই শ্রাম-
 সুন্দর হইয়াও আজ গৌরসুন্দর রূপে নিজ নাম গান
 করিতে করিতে নৃতোন্মত হইয়া নাগরিকের আয়
 নদীয়ার পথে পথে ভ্রমণ করিতেছেন—সেই দেবতা
 প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরট আমি স্তব করি ॥ ৩

কলির অধৰ্ম-প্রাবল্য দশনে শান্তিপুরনাথ
 শ্রীঅদ্বৈতপ্রভুর—তীর্ত্বা বেদনা সহ করিতে না

দ্বীপ-তবা-গঙ্গ-বঙ্গ-জল্ল-কল্প-দশিতং
 শ্রীনিবাস-বাস-ধর্ম-তাম-রাস-হৃষিতম্।
 শ্রী-হরিপ্রিয়েশ-পূজ্যপ্রী-শচী-পুরুলুরং
 (প্রেম-ধাম-দেবমেৰ বৌমি গোৱ-সুন্দরম্) ॥ ৫

শ্রীশচী-দুলাল-বাল্য-বাল-সঙ্গ-চপ্রচলং
 আকুমার-সর্ব-শান্তি-দক্ষ-তর্ক-মঙ্গলম্।
 ছাত্র-সঙ্গ-রঞ্জ-দিগ্জিগীয়-দর্প-সংহরং
 (প্রেম-ধাম-দেবমেৰ বৌমি গোৱ-সুন্দরম্) ॥ ৬

পারিয়া—যিনি জীবতুংখ মোচন ও ভক্তমুখবর্দ্ধন
 বিগ্রহস্বরূপে কলি-কল্প বিধিসেৱ জন্ত শ্রীকৃষ্ণ-
 নামামৃতেৱ ব্যাপক বিতৰণ কৰিয়াছেন—সেই দেবতা
 প্রেমময়-মূর্তি শ্রীগোৱাঙ্গসুন্দরেৱ আমি স্তব কৰি ॥ ৪

যিনি গোড়দেশে গঙ্গাতটক্ষ শ্রীনবদ্বীপে আবির্ভাব
 ও গার্হস্থ্য-লীলাদি প্রকাশ কৰিয়াছেন, যিনি
 শ্রীবাস-অঙ্গনকে ধন্ত কৰিয়া সংকৌর্তন-রাস-প্রকাশে
 (সজ্জনেৱ) হৰ্য বর্দ্ধন কৰিয়াছেন এবং যিনি শ্রীলক্ষ্মী
 ও শ্রীবিষ্ণুপ্রিয়াৰ প্রাণপতি এবং শ্রীশচীমাতা ও

বজ্য'-পাত্র-সারমেয়-সপ'-সঙ্গ-খেলনং
 স্কন্ধ-বাহি-চৌর-তীর্থ-বিপ্র-চিত্র-লীলনম্।
 কৃষ্ণনাম-মাত্র-বাল্য-কোপ-শান্তি-সৌকরং
 প্রেম-ধাম-দেবমেব বৌমি গৌর-সুন্দরম্॥ ৭

শ্রীমিশ্রপুরন্দরে (মাতাপিতার ন্যায়) পূজ্য-বুদ্ধি-সম্পদ
 —সেই দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই
 আমি স্তব করি ॥ ৫

যে শ্রীশচৈ-হুলাল (যশোদা হুলালের ন্যায়) শৈশবে
 বাল-সঙ্গে বালচাপল্যপর (ক্রীড়ামোদী) ও কৌমার
 বয়সেই যিনি সর্বশান্তি-বিশ্বরূপ এবং (তাঁকালিক
 নব্য-ন্যায় নেপুণ্যগবর্ণী নবদ্বীপের নাস্তিক্যপ্রায়
 পাণ্ডিত্যের) তর্ক্যুক্তির প্রয়োগ কৌশলে মঙ্গলময়
 (ভগবন্তক্তির) সংস্থাপক এবং যিনি ছাত্রগণসঙ্গে
 (জাহুবী তীরে) অবলীলাক্রমে প্রসিদ্ধ দিঘিজয়ী
 পাণ্ডিতের দর্পহরণ করিয়াছেন—আমি সেই দেবতা
 প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই স্তব করি ॥ ৬

যিনি শৈশবে—অশুচিপ্রতীম বর্জ্যপাত্র কুকুর
 শাবক ও বিষধর সর্পের সঙ্গে খেলা করেন এবং

ଶ୍ଵାମ-ଗଞ୍ଜ-ବାରି-ବାଲ-ସଙ୍ଗ-ରଙ୍ଗ-ଥଳତଃ
ବା'ଲକାଦି-ପାରିହାନ୍ତା-ଭଙ୍ଗି-ବାଲା-ଲୌଲତମ୍ ।
କୃଟ-ତର୍କ-ଛାତ୍ର-ଶିଶୁକାଦି-ବାଦ-ତୃପତ୍ରଃ
ପ୍ରେମ-ଧାର-ଦେବମେବ ନୌମି ଗୋର-ଶୁନ୍ଦରମ୍ ॥ ୮

(ଗାତ୍ରାଭବଗ ହରଣ ମାନମେ ସ୍ଫକ୍ଷେ ଲହିୟା ପଲାୟମାନ)
ଚାରେର ସ୍ଫକ୍ଷେଟେ ବାହିତ ହଇଁଯା ଅତ୍ୟାବର୍ତ୍ତନ-ଲୌଲା
କରେନ ଓ ଶୁଦ୍ଧିସିଦ୍ଧ ତୀର୍ଥ-ବିଶ୍ରେର ଅଭୀଷ୍ଟ ଦେବତାଙ୍କାରପେ
ଦର୍ଶନ ଦାନ ଓ ଉଚ୍ଛିଷ୍ଟ-ଦାନଙ୍କାପ ବିଚିତ୍ର ଲୌଲା ଅଦର୍ଶନ
କରେନ ଏବଂ ଶିଶୁକାଳେ କୃଦ୍ଵିତୀ ହର୍ଷଲେଣେ ଯିନି ଶ୍ରୀହାରି-
ନାମ ଶ୍ରୀବଗମତି ଶାନ୍ତ ହଟବାର ଲୌଲା ଦେଖାଇତେନ—
ମେଟେ ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ଶୁନ୍ଦରେରଟେ ଆମି
ସ୍ତବ କରି ॥ ୭

ଶିଶୁ ଲୌଲାୟ ଯିନି ଶୁରବୁନ୍ତି ଜଳେ ବାଲମଙ୍ଗି-ସଙ୍ଗେ
ବିଚିତ୍ର ଜଳକେଲି କରିତେନ ଓ ବାଲିକାଦିର ସଙ୍ଗେ
ପରିହାସ ଭଙ୍ଗିତେ ବିଚିତ୍ର ରଙ୍ଗାଳାପ ଅଦର୍ଶନ କରିତେନ
ଏବଂ ଛାତ୍ର ଓ ଅଧ୍ୟାପକଗଣେର ସଙ୍ଗେ ବିବିଧ କୃଟ ତର୍କ-
ବିତର୍କ ବିସ୍ତାର କରିତେନ—ମେଟେ ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି
ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ଶୁନ୍ଦରେରଟେ ଆମି ସ୍ତବ କରି ॥ ୮

ଶ୍ରୀତିମାଟେ-ପଣ୍ଡିତେତି ନାଚ-ଦଶ ବଳି ତୁ
ନବା-ତର୍କ ଦକ୍ଷ-ଲକ୍ଷ-ଦଶ୍ତି-ଦଶ୍ତ ପଣ୍ଡିତମ୍ ।
ସ୍ଥାପିତାର୍ଥ ଥର୍ଡ-ଥର୍ଡ ଥାର୍ଡିତାର୍ଥ-ସମ୍ମରଂ
ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ବୌମି ଗୋର-ସୁନ୍ଦରମ୍ ॥ ୯

ଶ୍ରୋକ-ଗାନ୍ଧ-ବନ୍ଦତାର୍ଥ ଦିଗ୍-ଜିଗୋମୁ-ଭାଷିତଃ
ବାତାଳଙ୍କ-ତାଦି-ଦୋଷ-ତକିତାର୍ଥ-ଦୂଷିତମ୍ ।
ଧ୍ୱନ୍ତ-ୟୁକ୍ତି-କନ୍ଦ-ରୂପି-ଦତ୍-ପ୍ରୋମଦାଦରଂ
ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ବୌମି ଗୋର-ସୁନ୍ଦରମ୍ ॥ ୧୦

କିଶୋର ବସେଟ ଯିନି ନିଆଟ ପଣ୍ଡିତ ନାମେ
ଦିଖାତ ତଟୟା ମମଗ ଦେଶେ ବନ୍ଦନୀୟ ତଟୟାତେନ ଓ
ନବ୍ୟନ୍ତ୍ୟାଯଦକ୍ଷ ଲକ୍ଷ ଲକ୍ଷ ଦାନ୍ତିକ ପଣ୍ଡିତେବ ଦସ୍ତ ଚୂ
କରିତେନ ଏବଂ ତାଦେବ ସ୍ଥାପିତ ସୁକ୍ତି ମଞ୍ଚ-ମଞ୍ଚ କରାଯ
ପ୍ରତିପକ୍ଷ ନିରକ୍ତର ହଟଲେ ଆବାର ନିଜେଟ ଉଚ୍ଚ
ସଂପ୍ରାପନ କବିତେନ —ମେଟ ଦେୟତା ପ୍ରେମମୟ-ସୂର୍ଯ୍ୟି
ଆଗୋରାଙ୍ଗ- ସୁନ୍ଦରେରଟ ଆୟି ସ୍ଵର କରି ॥ ୯

ଶ୍ରୀଗଙ୍ଗାଦେବୀର ବନ୍ଦନାର୍ଥ ଦିଗ୍-ବିଜୟୀ ପଣ୍ଡିତ
(କେଶବ କାଶ୍ମରୀ) ଯେ ଶ୍ରୋକ ରଚନା ଓ ପାଠ କରିଲେନ
ତାହାତେ ବିକୃତ ଅଲକ୍ଷାରାଦି ଦୋଷ ପ୍ରଦଳିତ ହଟଲେ

সূত্র-রুভি-টিপ্পণীষ্ট-সূক্ষ্ম-বাচতাত্তুতঃ
 ধাতু-মাত্র-কৃষ্ণ-শক্তি-সর্ব-বিশ্ব-সন্তুতম্।
 কন্দ-রুদ্ধি-পঙ্গিতোষ-তাত্ত্ব-যুক্তি-বিন্দুরঃ
 প্রেম-ধাম-দেবমেব মৌমি গৌর-সুন্দরম্॥ ১১

পঙ্গিতজ্জী আত্মসমর্থনে নানা কৃটক উৎপন্ন করিয়াও
 যাহার নিকট পরাস্ত হইলেন এবং অবশেষে বিচারে
 অক্ষমতা ও বুদ্ধিভ্রম ঘটিলে (উপস্থিত জনগণের
 উপহাস নিরস্ত করিয়া) যিনি দিঘিজয়ীকে পঙ্গিতো-
 চিত সমাদর প্রদর্শন করিয়াছেন—সেই দেবতা প্রেম-
 ময়-মূর্তি শ্রাগোরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব করি ॥ ১০

ব্যাকরণ বা ত্যায় শাস্ত্রের স্বল্পাঙ্গে গভীরার্থ
 বাচক সূত্রসমূহে উল্লিখিত শব্দ-সমূহের স্বাভাবিক
 অর্থ ও বিবিধ তাৎপর্যপূর্ণ ব্যাখ্যায় যিনি অতুত্তুত
 সূক্ষ্মানুসূক্ষ্ম ভাব অকাশে পঙ্গিতমণ্ডলীকে বিস্তৃত
 করিতেন ও ব্যাকরণ শাস্ত্রে উল্লিখিত সপ্তদশ শত ধাতু
 সমূহের অর্থ মাত্রকেই যিনি মুক্ত-প্রগ্রহ বৃত্তিযোগে
 অর্থাৎ অর্থের চূড়ান্ত ব্যাপ্তিতে যিনি বিশ্বস্তর শ্রীকৃষ্ণ-
 তত্ত্বেরই শক্তি পরিচায়করূপে প্রতিপাদন করিয়াছেন
 এবং যাহার বিচার সম্মুখে পঙ্গিতমণ্ডলীর বিচারবুদ্ধি

কৃষ্ণ-দৃষ্টি-পাত-হেতু-শব্দকার্থ-যোজনং
 স্ফোট-বাদ-শৃঙ্খলাক-ভিত্তি-কৃষ্ণ-বীক্ষণম্ ।
 শুল-সূক্ষ্ম-গুল-লক্ষ্য-কৃষ্ণ-সৌধা-সন্তুরং
 প্রেম-ধাম-দেবমেব বৌমি গৌর-সুন্দরম্ ॥ ১২

স্তুত তত্ত্বায় কোন উত্তর করিতে না পারিয়া নির্বাক
 বিষয়ে অবস্থিত থাকিতেন—সেই দেবতা প্রেমময়-
 মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব করি ॥ ১১

সর্বকারণ—কারণ স্বরাট্ শ্রীভগবানের ঈক্ষণ
 বা স্বাধীন ইচ্ছাট যাবতীয় শব্দ ও অর্থ ও উহাদের
 পরম্পর সম্বন্ধের নিশ্চয়তা বিধান করে বা পাণিনি-
 অমুখ মনিধিগণের যে স্ফোটবাদের বিচার-চেষ্টা—
 তাহার শৃঙ্খলা ও সামঞ্জস্য বিধানের মূল ভিত্তি
 শ্রীভগবানেরই বিশেষ ইচ্ছা বা অনুমতি—যেহেতু
 শুল ও সূক্ষ্ম চরাচর যাবতীয় সত্ত্বা ও গতিশীলতার
 একমাত্র তাৎপর্য শ্রীকৃষ্ণ-সুখ সম্পাদন বা অদ্য়-
 তত্ত্বের লীলা-বিলাস—ইহাই যাহার প্রতিপাদ্য—
 সেই দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি
 স্তব করি ॥ ১২

(প্রেম-রঞ্জ-পাঠ-ভঙ্গ-ছাত্র-কাকু-কাতৱং
 ছাত্র-সঙ্গ-হস্ত-তাল-কৌষ্ঠিলাদা-সংগ্ৰহম্।
 কৃষ্ণ-বাম-সীমু-সিঙ্গু-মগ্ন-দিক্-চৰাচৰং
 প্ৰেম-ধাম-দেবমেৰ বৌমি গৌৱ-সুল্লোচনম্॥ ১৩

গয়া হইতে প্ৰত্যাবৰ্ত্তনেৰ পৰ ছাত্র সঙ্গে পুনৱায়
 অধ্যাপনা আৱস্থ হটলে অবল প্ৰেমাবেগেৰ পিচিত
 আবেশে অধ্যাপনা অসন্তুব হটল,—ছাত্ৰগণ নিমাট
 পশ্চিতেৰ অধ্যাপনা স্বযোগ হইতে চিৱ বঞ্চিত হট্যা
 নানা প্ৰকাৰে নিজ নিজ ভাগেৰ নিন্দা ও খেদোক্ষি
 কৰিয়া দৌনভাবে নিমাট পশ্চিতেৰ অনন্ত সাধাৰণ
 শিক্ষণ প্ৰতিভাৰ প্ৰশংসা কৰিলে—যিনি ছাত্র সহাতু-
 ভূতি দশতং বিশেষ কাতুৰ হটলেও তাতাদিগকে
 আশীৰ্বাদ দিয়া ভাবাৰেশে তাতাদেৱ লটয়াট হাতে
 তালি দিয়া সৰ্বপ্ৰথম শ্ৰীকৃষ্ণসংকীৰ্তনেৰ শুভ সূচনা
 প্ৰকাশ কৰিলেন এবং যাতাৰ “তৰি তৱয়ে নমঃ কৃষ্ণ
 কেশগায় নমঃ” এই শ্ৰীকৃষ্ণসংকীৰ্তনোথ প্ৰেমৱস
 সিঙ্গুৰ টুত্তাল তৱঙ্গেৰ প্ৰাবনে দিক্ লিদিক্ স্থাবৱ জঙ্গম
 নিমজ্জিত হইতে থাকিল—সেই দেবতা প্ৰেমসয় মৃত্তি
 শ্ৰীগৌৱান্ধি-সুল্লোচনাই আমি স্তুব কৰি ॥ ১৩

ଆର୍ଦ୍ରୀ-ପ୍ରତ୍ୟୁଷ-ପାଳ-ଲକ୍ଷ-ଦୀପ-କୃପ୍ରତ୍ୟେ-କୀର୍ତ୍ତନଃ
ଲକ୍ଷ-ଲକ୍ଷ-ଭକ୍ତ-ଗୀତ-ବାଦ୍ୟ-ଦିବ୍ୟ-ଭକ୍ତନମ୍ ।
ପ୍ରତ୍ୟୁଷ-କ୍ରୂଣ୍ୟ-ତାଶ-ଦୟା-ଦୁଷ୍ଟ-ଦୁଷ୍ଟ-ତୋଷନମ୍ ॥ ୧୪
ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ବୌଦ୍ଧ ଗୌର-ସୁନ୍ଦରମ୍ ॥ ୧୫

ଛେଷଚ-ରାଜ-ତାମ୍ର-ବାଧ-ଭକ୍ତ-ଭୀତି-ଭଞ୍ଜନଃ
ଲକ୍ଷ-ଲକ୍ଷ-ଦୀପ-ତୈଶ-କୋଟି-କର୍ତ୍ତ-କୀର୍ତ୍ତନମ୍ ।
ଶ୍ରୀହୃଦୟ-ଭାଲ-ବାଦ୍ୟ-ତୃତୀ-କାଜି-ଲିଙ୍ଗନମ୍ ॥
ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ବୌଦ୍ଧ ଗୌର-ସୁନ୍ଦରମ୍ ॥ ୧୬

ଯିନି ବୈଦିକ ଧର୍ମର ମର୍ଯ୍ୟାଦାକାରୀ ଓ ଶ୍ରୀଗୁର-
ପଦାଶ୍ୱର ପୂର୍ବକ ଶ୍ରୀକୃପ-କୀର୍ତ୍ତନ ପ୍ରଦତ୍ତନକାରୀ ଏବଂ ଯିନି
ଲକ୍ଷ ଲକ୍ଷ ଭକ୍ତ-ସଙ୍ଗେ ସଂକୀର୍ତ୍ତନେ ନର୍ତ୍ତନବିଲାସ ପରାୟନ
ଓ ଧର୍ମକର୍ମ-ନାଶା ଜଗାଟି ମାଧ୍ୟାଇ ଅଭୃତି ଦସ୍ତା-ତୁଷ୍ଟଦଲେର
ପରମୋଦ୍ବାରଣ—ସେଇ ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-
ସୁନ୍ଦରେରଇ ଆମି ସ୍ତବ କରି ॥ ୧୫

ଛେଷରାଜ (ପ୍ରତିନିଧି ଟାଂଦକାଜି) ଶ୍ରୀହରିନାମ
କୀର୍ତ୍ତନେ ବାଧାଦାନ କରିଲେ ଯିନି ଭକ୍ତଗଣେର ଭୟ
ଭଞ୍ଜନେର ଜଣ୍ଠ ନିଶାଭାଗେ ଲକ୍ଷ ଲକ୍ଷ ଦୀପ-ମାଲା
(ମଶାଲ) ଉତ୍ତାସିତ କୋଟି କୋଟି ଲୋକେର (ସତଃଫୂର୍ତ୍ତ)

ଲକ୍ଷ-ଲୋଚନାଶ-ବର୍ଷ-ହର୍ଷ-କେଶ-କଞ୍ଜଳି
 କୋଟି-କଠ-କୃଷ୍ଣ-କୀର୍ତ୍ତନାତ୍ମା-ଦଙ୍ଗ-ଧାରଣମ୍ ।
 ମାସି-ବେଶ-ସର୍ବଦେଶ-ହା-ହୁତାଶ-କାତରି
 ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ତୌମି ଗୋର-ସୁନ୍ଦରମ୍ ॥ ୧୬

ସଂକୀର୍ତ୍ତନ ପରିଚାଳନ କରେନ ଏବଂ ଯିନି ଶୁମଧୁର ମୁଦ୍ରଙ୍-
 ଧନି ସଂଯୋଗେ କରତାଳ ଅଭ୍ୟତି ବାନ୍ଧ ସହକାରେ ମୃତ୍ୟ
 କରିତେ କରିତେ (ଶାସନକର୍ତ୍ତା) କାଜିକେ (ଶାସନାଭି-
 ମାନ ସୁଚାଇୟା) ଆୟୁଷାଂ କରିଯାଛେନ—ମେହି ଦେବତା
 ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୋରାଙ୍ଗ-ସୁନ୍ଦରେରଇ ଆମି ସ୍ଵବ କରି ॥

୧୫

ଲକ୍ଷ ଲକ୍ଷ ଦଶ'ନାଥୀର ନୟନାଶ୍ରୀ ବର୍ଷଣେର ମଧ୍ୟେ
 ଯିନି ପରମାନନ୍ଦେ (ଜନ-କଲ୍ୟାଣେର ଜନ୍ମ) ମନ୍ତ୍ରକ ମୁଣ୍ଡନ
 କରିଯାଛେନ, କୋଟି କୋଟି ଲୋକେର ସମ୍ମିଲିତ ଶ୍ରୀହରି-
 ସଂକୀର୍ତ୍ତନ ଯାହାର (ସନ୍ନ୍ୟାସେର) ଦଙ୍ଗ-ଧାରଣ ଲୌଲା
 ସମୃଦ୍ଧିମାନ କରିଯାଛିଲ ଏବଂ ଯାହାର ସନ୍ନ୍ୟାସ-ବେଶେ
 ସମଗ୍ର ଦେଶ କାତରେ ହାହାକାର କରିଯାଛିଲ—ମେହି
 ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୋରାଙ୍ଗ-ସୁନ୍ଦରେରଇ ଆମି ସ୍ଵବ
 କରି ॥ ୧୬

ଶ୍ରୀଘନୀଶ-ଭକ୍ତବେଶ-ରାତ୍ରଦେଶ-ଚାରଣ ।

କୃଷ୍ଣ-ଚିତ୍ତତ୍ୟାଥ-କୃଷ୍ଣ-ନାମ-ଜୀବ-ତାରଣମ ॥

ଭାବ-ବିଭିନ୍ନମାତ୍ର-ମତ୍-ଧ୍ୟାବମାନ-ଭୂଧରଙ୍କ

ପ୍ରେମ-ଧ୍ୟାମ-ଦେବମେବ ତୌମି ଗୋର-ଶୁନ୍ଦରମ ॥ ୧୭

ଶ୍ରୀଗଦାଧିରାଦି-ନିତ୍ୟାନନ୍ଦ-ସଙ୍ଗ-ବନ୍ଧୁତଃ

ଅନୁଭାଥ୍ୟ-ଭକ୍ତ-ମୁଖ୍ୟ-ବାଞ୍ଛିତାର୍ଥ-ସାଧନମ ।

କ୍ଷେତ୍ରବାସ-ସାଭିଲାଷ-ମାତୃତୋଷ-ତୃପରଙ୍କ

ପ୍ରେମ-ଧ୍ୟାମ-ଦେବମେବ ତୌମି ଗୋର-ଶୁନ୍ଦରମ ॥ ୧୮

ଯେ ନବ-ସତିରାଜ—ଭକ୍ତବେଶ ଧାରଣ କରିଯା ପାଦ-
ଚାରଣେ ରାତ୍ରଦେଶ ପବିତ୍ର କରେନ, ଯିନି ଶ୍ରୀକୃଷ୍ଣ-ଚିତ୍ତ—
ଏହି ଅଭିନବ ନାମ ଗ୍ରହଣକାରୀ କୃଷ୍ଣ ନାମ ଦିଯା ଜୀବ-
ଗଣକେ ତାରଣ କରେନ ଏବଂ ଯିନି ସ୍ଵଭଜନ-ବିଭଜନ-
ରସାବେଶେ ଦିବ୍ୟୋନ୍ମାଦେ ହେମଗିରିର ନ୍ୟାୟ ଦିଗ୍-ବିଦିକେ
ଧାବିତ ହିତେ ଥାକେନ—ସେଇ ଦେବତା ପ୍ରେମମୟ-ମୃତ୍ତି
ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ଶୁନ୍ଦରେରଇ ଆମି ସ୍ତବ କରି ॥ ୧୭

ଶ୍ରୀଗଦାଧିର, ଶ୍ରୀନିତ୍ୟାନନ୍ଦ ପ୍ରଭୃତି ସ୍ଥାର ସଙ୍ଗ ସମୃଦ୍ଧ
କରିତେଛେନ, ଯିନି ଭାଗବତ ପ୍ରଧାନ ଶ୍ରୀଆୟତେର ବାଞ୍ଛା-
ପୂରଣେ ଭୂତଳେ ଅବତୀର୍ଣ୍ଣ ଏବଂ ଯିନି ମାତୃ-ସନ୍ତୋଷେର

ব্যাসিরাজ-নীল-শেল-বাস-সাৰ্বভৌমপঃ
দাক্ষিণাত্য-তীর্থ-জাত-ভক্ত-কন্ত-পাদপম্ভ ।

দ্বাম-ধৈৰ্য-দ্বাগ-ভক্তি-দ্঵ীপ-শক্তি-সংপ্রদৱঃ
প্ৰেম-ধীম-দেবমেৰ বৌমি গৌৱ-সুন্দৱম্ভ ॥ ১৯

নিমিত্ত (সন্ধ্যামেৰ পৱ) শ্রীপুৱষোত্তম ক্ষেত্ৰে
অবস্থান অঙ্গীকাৰ কৱিয়াছেন—সেই দেবতা প্ৰেম-
মধ-মূর্তি শ্রীগৌৱাঙ্গ-সুন্দৱেৱই আমি স্তব কৱি ॥ ১৮

শ্রাসিৱাজ শ্রীচৈতন্ত নীলাচলে সমুপস্থিত হইয়া
প্ৰথমেই (তাৎকালিক নৈয়ায়িক ও বৈদানিক
ভাৱতেৱ সৰ্বশ্ৰেষ্ঠ পণ্ডিত অসাধাৰণ অতিভাধৰ)
শ্রীবাস্তুদেৱ সাৰ্বভৌমকে (শ্রীশঙ্কৱেৱ বিবৰ্তবাদ-
গত্ত হইতে) উদ্বার কৱেন ও পৱে (বিভিন্ন মতবাদ-
সম্মূল) দাক্ষিণাত্য-তীর্থসমূহে পৱিত্ৰমণ কৱিয়া
তত্ত্বদেশস্থিত ভক্তগণেৱ বাঞ্ছাকল্পতুল্কুপে তাদেৱ
অভীষ্ট পূৱণ কৱেন এবং (বিশেষ কৱিয়া গোদাবৱী
তৌৱে) শ্রীরামানন্দ নামক ভক্তমেঘে ব্ৰজৱাগভক্তিৰ
ৱসুষ্ঠি-শক্তিৰ সংগ্ৰহ কৱেন (ও স্বয়ং শ্ৰশ-ভঙ্গি-ক্ৰমে
তার উপদেশ প্ৰকাশ কৱেন) —সেই দেবতা প্ৰেমময়-
মূর্তি শ্রীগৌৱাঙ্গ-সুন্দৱেৱই আমি স্তব কৱি ॥ ১৯

ଧ୍ୱନ୍ତ ସାର୍ବଭୋମ-ବାଦ-ତବ୍ୟାତକ-ଶାଙ୍କରଃ
ଧ୍ୱନ୍ତ-ତହିବତ୍ତ-ବାଦ-ଦାତବୀଘ-ଡଞ୍ଚରମ् ।
ଦଶିତାର୍ଥ-ସର୍ବ-ଶାଙ୍କ-କୃଷ୍ଣ-ଭକ୍ତି-ମଳିରଃ
ପ୍ରେମଧାମ-ଦେବମେବ ଲୋମି ଗୋର-ଶୁନ୍ଦରମ् ॥ ୨୦

ପ୍ରେମଧାମ-ଦିବ୍ୟ-ଦୀପ୍ତ-ଦେହ-ଦେବ-ଲଳିତଃ
ହେମ-କଞ୍ଜ-ପୁଞ୍ଜ-ଲିଲି-କାନ୍ତି-ଚନ୍ଦ୍ର-ବଲିତମ୍ ।
ମାମ-ଗାନ-ତୃତ୍ୟ-ତବ୍ୟ-ଦିବ୍ୟ-ଭାବ-ମଳିରଃ
ପ୍ରେମ-ଧାମ-ଦେବମେବ ଲୋମି ଗୋର-ଶୁନ୍ଦରମ୍ ॥ ୨୧

ସାର୍ବଭୋମ ମହାଶୟ ଛଲ, ବିତଣ୍ଣା, ନିଗର ପ୍ରଭୃତି
କୃଟତକ-ସଂଘୋଗେ ଆଚାର୍ୟ ଶଙ୍କରେର ଶୁନ୍ଦଭକ୍ତି-ବିରଳଙ୍କ
ନିର୍ବିଶେଷବାଦ ସମର୍ଥନ କରିତେ ପ୍ରାଣପଣ ଚେଷ୍ଟା କରିଲେଓ
ସେ ନବ୍ୟ ସନ୍ନାସି-ବେଶୀ ପ୍ରତିଭୋଜଳ ଶୁନ୍ଦରମୂର୍ତ୍ତି
ଆଚିତନ୍ତ୍ୟ ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ବେଦାନ୍ତଗ ଶ୍ରୟକ୍ତିର ସାହାଯ୍ୟେଇ
ଅନାୟାସେ ସେଇ ସମନ୍ତ ନାନ୍ତିକ୍ୟ-ବିଚାର ଧ୍ୱନ୍ତ-ବିଧ୍ୱନ୍ତ
କରିଲେନ ଏବଂ ଯିନି ବହୁ ବିଗ୍ରିତ ସେଇ ଶାଙ୍କର-ବିବର୍ତ୍ତ-
ବାଦକେ ଶ୍ରଦ୍ଧା ନାମକ ପରମ ଆୟୁଷ-ପଦ ବିହୀନ ଆରୋହ-
ବାଦୀର ଅହଂଗ୍ରହ ଉପାସନାପର ବାହ୍ୟ-ନୀତି-ମସ୍ତଳ ଅମୁର-
ବୁଦ୍ଧିର ପାଷଣୋତ୍ତମ ପ୍ରକାଶେର ପ୍ରଚ୍ଛଦପଟ ବଲିଯା ପ୍ରତି-

কৃষ্ণ-কৃষ্ণ-কৃষ্ণ-কৃষ্ণ-কৃষ্ণনাম-কীর্তনঃ
 রাম-রাম-গান-রম্য-দিব্য-চল-নর্তনম্।
 পত্র তত্র কৃষ্ণনাম-দান-লোক-লিঙ্গনঃ
 প্রেম-ধাম-দেবমেব বৌমি গৌর-সুন্দরম্॥ ২২

পাদিত করিলেন ও “অপালিপাদো জবনো এইীতা
 পশ্চত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ” প্রভূতি শ্রুতি ও সাহিত
 শ্রুতি শ্রীমন্তাগবতের প্রসিদ্ধ আজ্ঞারাম শ্লোকের
 ব্যাখ্যার দ্বারা প্রাকৃত বিশেষত্ব নিরসন করিয়া
 অপ্রাকৃতে বিশেষত্ব বা ব্যক্তিত্ব সংস্থাপনই শ্রুতি-
 সমূহের প্রকৃত ভাবপর্য—এই শক্তি পরিণামবাদের
 কথা বুঝাইয়া বেদ, বেদান্ত পুরাণ প্রভূতি শাস্ত্র-সমূহ
 সকলেই শ্রীভগবানের লীলা-মহিমা-কীর্তনপর বাজ্য
 মন্দির স্বরূপ—ইহা প্রদর্শন করিলেন—সেই দেবতা
 প্রেমময়-মৃত্তি শ্রীগৌরাজ-সুন্দরেরট আমি স্বীকৃত
 করি ॥ ২০

দেবগণের আনন্দবর্ধনকারী সুদীর্ঘ দিব্য প্রেমময়
 যাহার শ্রীবিগ্রহ, কোটি কনকপদ্মধিকারী চল-বন্দিত
 যাহার শ্রীঅঙ্গজ্যোতি এবং শ্রীকৃষ্ণ-সংকীর্তনে নৃত্য-

গোত্তমীয়-পাঞ্জ-তীর-রামানন্দ-সংবদ্ধঃ
 জ্ঞান-কল্প-মুক্তি-মধ্য-রাগ-ভঙ্গি-সংস্পদম্।
 পারকীয়-কান্তি-কৃষ্ণ-ভাব-সেবনাকরঃ
 প্রেম-ধ্রাম-দেবমেৰ বৌমি গৌর-সুন্দরম্॥ ২৩

বিলাসজাত নিত্য নব-নবায়মান অপ্রাকৃত সাহিকভাব
 সমৃহের যিনি লীলাপীঠ স্বরূপ—সেই দেবতা প্রেমময়-
 মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব করি ॥ ২১

অতঃপর তীর্থ-দশন-ছলে শ্রীহরিনাম দিয়া দক্ষিণ-
 দেশ উদ্ধার-মানসে বহির্গত যে সুন্দরমূর্তি যুব সন্ন্যাসী
 দাক্ষিণাত্যের পথে পথে, দেবালয়ে, তীর্থাশ্রমে “কৃষ্ণ
 কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হে” বলিয়া সুমধুর
 কীর্তন ও “রাম রাম” গান করিতে করিতে কোন
 এক অনিবর্চনীয় দিব্যভাবে অনুপ্রাণিত হইয়া পরম
 মধুর নৃত্য-বিলাস রচনা করিয়াছেন এবং যেখানে
 সেখানে কালাকাল পাত্রাপাত্র অবিচারে সমবেত
 জনসাধারণকে শ্রীকৃষ্ণনাম গাওয়াইয়া নিষ্ঠার
 করিয়াছেন—সেই দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-
 সুন্দরেরই আমি স্তব করি ॥ ২২

ଦାସ୍ୟ-ସଥ୍ୟ-ବାଂସ୍ୟ-କାନ୍ତ-ସେବନୋଭାବୋଭରଃ
ଶ୍ରେଷ୍ଠ-ପାରକୀୟ-ରାଧିକାଜ୍ୟ-ଭକ୍ତି-ସୁନ୍ଦରମ् ।
ଶ୍ରୀବ୍ରଜ-ସ୍ଵପ୍ନିକ୍ଷ-ଦିବ୍ୟ-କାମ-କୃଫ୍ଳ-ତ୍ରପରଃ
ପ୍ରେମ-ଧ୍ରାମ-ଦେବମେବ ବୌମି ଗୋର-ସୁନ୍ଦରମ् ॥ ୨୪

ଗୌତମୀଗଞ୍ଜା (ଗୋଦାବରୀ) ତୀରେ ସାର ରାମାନନ୍ଦ-
ସଂବାଦ ନାମକ (ଶ୍ରୀଚରିତାମୃତେ) ସୁପ୍ରସିଦ୍ଧ ଧର୍ମ-ସଂଲାପ
—ସାହାତେ କର୍ମ ଓ ଜ୍ଞାନେର ମାଲିଗ୍ନାମୁକ୍ତ ହୃଦୟେର
ଆନ୍ତ୍ରାଗମ୍ୟ ସେବାକେଇ ପରମସମ୍ପଦ ବଲା ହଟ୍ଟୟାଛେ ଏବଂ
ପାରକୀୟ ମଧୁର ରମେର ଭାବସେବାର ଆକର ବିସ୍ୟ-ବସ୍ତ୍ର-
କୁପେ ଏକମାତ୍ର ଶ୍ରୀବ୍ରଜେନ୍ଦ୍ରନନ୍ଦନେଟ ନିରୂପିତ ହଟ୍ଟୟାଛେନ
—ମେଟ ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ସୁନ୍ଦରେରଇ
ଆମି ସ୍ତବ କରି ॥ ୨୩

ଦାସ୍ୟ ହଇତେ ଆରଣ୍ୟ କରିଯା ସଥ୍ୟ, ବାଂସଲ୍ୟ ଓ
ମଧୁରରମେର ସେବା—ପର ପର ଶ୍ରେଷ୍ଠ ପାରକୀୟ ମଧୁରରମେ
ଶ୍ରୀରାଧାକୈକ୍ଷର୍ଯ୍ୟାଇ (ସର୍ବୋତ୍ତମ) ସେବା-ସୌନ୍ଦର୍ୟ ଏବଂ
ଶ୍ରୀବ୍ରଜଧାମେ ସ୍ଵତଃସିଦ୍ଧ ଅପ୍ରାକୃତ କାମ ଏକମାତ୍ର
ଶ୍ରୀବ୍ରଜେନ୍ଦ୍ରନନ୍ଦନେଟ ତାଂପର୍ୟବିଶିଷ୍ଟ—ଏଇକୁପଇ ସାହାର
ପ୍ରେରଣା—ମେଟ ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-
ସୁନ୍ଦରେରଇ ଆମି ସ୍ତବ କରି ॥ ୨୪

ଶାନ୍ତ-ଶୁଦ୍ଧ-ଭୂତ-ତୃପ୍ତ-ମିତ୍ର-ମତ-ଦଶିତଃ
ଶିଙ୍କ-ଶୁଦ୍ଧ-ଶିଷ୍ଟ-ମିଷ୍ଟ-ଶୁଦ୍ଧ-କୁଠ-ହଶିତମ୍ ।
ତଞ୍ଚ-ଶୁଦ୍ଧ-ବାମ୍ବା-ରାଗ-ସର୍ବ-ଦେବାତୋତ୍ତରଃ
(ପ୍ରେମ-ଧାରୀ-ଦେବମେବ ବୌମି ଗୋର-ଶୁଦ୍ଧରମ୍) ॥ ୨୫

ଆଜ୍ଞା-ଲବା-ତତ୍ତ୍ଵ-ଦିବ୍ୟ-ରାଘ-ଭାଗ୍ୟ-ଦଶିତଃ
ଅୟାମ୍ବ-ଗୋପ-ରାଧିକାପ୍ତ-କୋଣ୍ଡ-ଗୁପ୍ତ-ଚେନ୍ତିତମ୍ ।
ଶୁଦ୍ଧିତାଙ୍ଗ୍ରେ-ରାଧାରାଯ-ବୋଧିତାଜ୍ଞ-କିନ୍ତୁରଃ
(ପ୍ରେମ-ଧାରୀ-ଦେବମେବ ବୌମି ଗୋର-ଶୁଦ୍ଧରମ୍) ॥ ୨୬

ସିନି—ଶାନ୍ତରମେ (କ୍ଳେଶ) ମୁକ୍ତି-ଶୁଦ୍ଧ, ଦାନ୍ତରମେ
(ମେବା) ତତ୍ପ୍ରି-ଶୁଦ୍ଧ ଓ ସଥ୍ୟରମେ (ପ୍ରଶ୍ନ୍ୟ ମେବା) ପ୍ରମତ୍ତ-
ଶୁଦ୍ଧେର ବିଷୟ ଜ୍ଞାପନ କରିଯାଛେନ, ଏବଂ ବାଂଦଲ୍ୟ
ମେହାତିଶ୍ୟେ ଜ୍ଞାନଶୂନ୍ୟ ଗାଢ଼ ଆନନ୍ଦାଶୁଭ୍ରତ ଓ ମଧୁର-
ରମେ ପୂର୍ବ ସୌଷ୍ଠବବିଶିଷ୍ଟ ସୌଖ୍ୟାଶୁଭବ ଶାନ୍ତ-ଶାସିତ
(ସ୍ଵକୀୟ) ହଟିଲେ ସଙ୍କୁଚିତଭାବେ ଆସାଦିତ ହୟ ବଲିଯା
ଜାନାଇଯାଛେନ ; କିନ୍ତୁ ଶାନ୍ତ-ତତ୍ତ୍ଵାତୀତ ବ୍ରଜରାଗ-ମେବା
ମଧୁର ରମେ—ବିଶେଷତଃ ବାମ୍ଯଭାବ ସଂଯୁକ୍ତ ହଟିଲେ—
ସର୍ବୋତ୍ତମ ମେବାଶୁଦ୍ଧ ପ୍ରଦାନ କରେ—ଏହିରୂପ ଅମୁଜ୍ଜ୍ଵା
କରିଯାଛେନ—ମେହି ଦେବତା ପ୍ରେମମୟ ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୋରାଙ୍ଗ-
ଶୁନ୍ଦରେରଇ ଆମି ଶ୍ଵବ କରି ॥ ୨୫

নষ্ট-কৃষ্ট-কৃষ্ণ-বিপ্র-রূপ-ভক্তি-তোষণং
রামদাস-বিপ্র-মোহ-মুক্ত-ভক্ত-পোষণম্ ।
কাল-কৃষ্ণ-দাস-মুক্ত-ভট্টধারি-পিঙ্গরং
প্রেম-ধাম-দেবমেৰ নৌমি গৌর-সুন্দরম্ ॥ ২৭

যিনি—শ্রীরায়ের অতিমন্ত্র ভাগ্যে স্বীয় নবদ্বীপ
লীলার অভিনব অবতারিত্বের বিষয় প্রকাশ করেন
এবং শ্রীরাধাভাব-ছাতিসমন্বিত নিজ শ্যাম-গোপ
স্বরূপের প্রেম-রহস্যময় শ্রীমূর্তি প্রদর্শন ও লীলা
কথা ব্যক্ত করেন এবং রামানন্দ সেই অভূতপূর্ব
অপরূপ রূপ দর্শনে তাঁর শ্রীচরণতলে মৃচ্ছিত হইয়া
পড়িলে—সেই নিত্য কিঞ্চরের চৈতন্য সম্পাদন
করেন—সেই দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-
সুন্দরেরই আমি স্তব করি ॥ ২৬

যিনি—শ্রীকৃষ্ণক্ষেত্রে কৃষ্ণরোগী বাস্তুদেব নামক
ভক্ত ব্রান্দণকে আলিঙ্গন দ্বারা রোগমুক্ত ও রূপময়
করিয়া প্রসন্নতা দান করেন এবং রামদাস নামক
কোন দাক্ষিণাত্য দ্বিজ-ভক্তকে (শ্রীসৌতাদেবীর
মূর্তি রাক্ষস-স্পৃষ্ট হইল এইরূপ অসন্তুষ্ট) কৃতাবনা
হইতে মুক্ত করিয়া (অপ্রাকৃত বস্তু নহে শ্রাকৃত

রঞ্জনাথ-ভট্ট-ভঙ্গি-তুষ্টি-ভঙ্গি-ভাষণঃ
 লক্ষ্ম্য-গম্য-কৃষ্ণ-রাম-গোপীকেক-পোষণম্।
 লক্ষ্ম্য-ভীষ্ট-কৃষ্ণ-শীর্ষ-সাধ্য-সাধনাকরঃ
 প্রেম-ধাম-দেবমেৰ বৌমি গোৱ-সুন্দরম্ ॥ ২৮

গোচর-তত্ত্ব বুৰাইয়া ও কৃষ্ণ পুৱাগেৱ প্ৰমাণ দেখাইয়া)
 শুন্দভঙ্গি দ্বাৱা পালন কৱেন এবং যিনি কালাকৃষ্ণ
 দাস নামক নিজ সঙ্গী অবোধ বিশ্রামে মালাবৰ
 দেশেৱ ভট্টথারি নামক দুষ্ট সম্প্ৰদায়েৱ মায়া কথল
 হইতে উদ্ধাৱ কৱেন--সেই দেবতা প্ৰেমময় মৃত্তি
 শ্ৰীগৌৱাঙ্গ-সুন্দৱেৱ আমি স্মৰ কৱি ॥ ২৭

শ্ৰীৱজক্ষেত্ৰে (কাবেৱীতীৱে শ্ৰীবৈষ্ণবগণেৱ
 প্ৰধান পীঠস্থানে—শ্ৰীলক্ষ্মীনাৱায়ণেৱ উপাসনাট
 সৰ্বশ্ৰেষ্ঠ সাধ্য বলিয়া যাহাদেৱ বিশ্বাস) শ্ৰীবেঞ্চট
 ভট্ট (শ্ৰীগোপাল ভট্টেৱ পিতা) পৱিবাৱেৱ সেবায়
 সন্তুষ্ট হইয়া যিনি পৱিহাসছলে উপদেশ কৱিয়াছেন
 যে, লক্ষ্মীদেবী (সুনীঘকাল তপস্যা কৱিয়াও)
 শ্ৰীকৃষ্ণেৱ রামলীলায় প্ৰবেশ পান নাই—যেহেতু
 একমাত্ৰ গোপিকাগণই ঐ রামলীলাৱ পোৰণকাৰী

ত্রজ্ঞ-সংহিতাথা-কৃষ্ণ-ভক্তি-শাস্ত্র-দায়কং
 কৃষ্ণ-কর্ণ-সীমু-নাম-কৃষ্ণ-কাবা-গায়কম্।
 শ্রীপ্রতাপকুরু-রাজ-শীর্ষ-সেবা-মুল্লিকুং
 প্রেম-প্রাপ্ত-দেবমেব বৌঘি গৌর-সুন্দরম্॥ ২৯

অতএব (শ্রীনারায়ণের অক্ষশায়িনী) লক্ষ্মীদেবীরও
 চিত্তাকর্ষণকারী—(মূল-নারায়ণ) গোপকুমার শ্রীকৃষ্ণে
 সর্বোত্তম সাধ্য-সাধনের মূল উদ্দষ্ট-তত্ত্ব—সেই
 দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি
 স্তব করি ॥ ২৮

শ্রীত্রজ্ঞ-সংহিতা নামক প্রমিক ভক্তিসিদ্ধান্ত গ্রন্থ
 যিনি (দক্ষিণ দেশ হটতে সংগ্রহ করিয়া) নিজ ভক্ত-
 গণকে প্রদান করিয়াছেন ও দাক্ষিণাত্য কবি শ্রীবিষ্ণ-
 মঙ্গল রচিত শ্রীকৃষ্ণকর্ণামৃতম্ নামক গ্রন্থের শ্রীবজ-
 লীলাময় শ্লোকগুলি যিনি প্রেমভরে আবৃত্তি করিতেন
 এবং মহারাজ প্রতাপকুরু যাহার শ্রীচরণযুগল মন্তকে
 ধারণ করিয়া পূজা করিতেন—সেই দেবতা প্রেমময়
 মূর্তি শ্রীগৌরাঙ্গ সুন্দরেরই আমি স্তব করি ॥ ২৯

শ্রীরথাগ্র-ভক্ত-গীত-দিব্য-নর্তনাদ্বৃতং
যাত্রি-পাত্র-মিত্র-রুদ্ররাজ-হস্তমৎকৃতম্।
গুণিঙ্গাগমাদি-তত্ত্ব-রূপ-কাব্য-সপ্তরং
প্রেম-ধাম-দেবমেব লোমি গৌর-সুন্দরম্॥ ৩০

প্রেম-মুন্দ-রুদ্র-রাজ-(শৌর্যা-বীর্যা)-বিক্রমং
প্রার্থিতাঞ্চি-বজ্জিতাত্ম-সর্ব-ধর্ম-সঙ্গমম্।
লুক্ষ্মিত-প্রতাপ-শীর্ষ-পাদ-ধূলি-ধূসরং
প্রেম-ধাম-দেবমেব লোমি গৌর-সুন্দরম্॥ ৩১

শ্রীরথাগ্রে, সংকীর্তনে ভক্ত-পরিবেষ্টিত তইয়া
ঁহার অদ্বৃত অপ্রাকৃত নটরাজমূর্তির প্রকাশ,—যাহা
সমবেত যাত্রিগণ ও পাত্র-মিত্রসহ মহারাজ প্রতাপ-
রুদ্রের হৃদয়কে চমৎকৃত করিয়াছে, এবং যিনি
শ্রীজগন্নাথদেবের শ্রীরথারোহণপূর্বক গুণিচা গমনাদি
লীলার অকৃত তাৎপর্য—শ্রীরূপের কবিতায় (প্রিয়ঃ
সোহিয়ঃ...বিপিনায় স্পৃহয়তি) সঞ্চারিত করিয়া
প্রকাশ করিয়াছেন—সেই দেবতা প্রেমময়-মূর্তি
শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব করি ॥ ৩০

দাক্ষিণাতা-সুপ্রদিক্ষ-পণ্ডিতৌঘ-পূজিতং
শ্রেষ্ঠ-রাজ-রাজপাত্র-শীর্ষ-ভক্তি-ভূমিতম্।
দেশ-মাতৃ-শেষ-দর্শনাধি-গোড়-গোচরং
প্রেম-ধার-দেবমেৰ বৌমি গৌর-সুন্দরম্॥ ৩২

সমগ্র উত্তর ভারত যখন পরাক্রান্ত মুসলমান
শাসন কর্তৃগণের অধীন, সেই সময় স্বাধীন উৎকল-
সন্দ্রাট—মহারাজ শ্রীপ্রতাপকুজ্জ শ্রীচৈতন্যদেবের
প্রতিভা, তেজ ও প্রেমময় চেষ্টাসমূহ দশনে অতি-
শয় চমৎকৃত ও অভিভূত হইয়া সমস্ত শৈর্য্য-বীর্য-
বিক্রমসহ সর্বপ্রকার পূর্ব-ধর্ম-সংস্কার পরিত্যাগ
করিয়া একান্তভাবে শ্রীমন্মহাপ্রভুর পাদপদ্মে লুষ্টিত
হইয়া পড়লে—যিনি সেই শরণাগত সন্দ্রাটের
শিরোভাগ নিজ পদরজে অভিষিক্ত করিয়াছেন—
সেই দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই
আমি স্তব করি ॥ ৩১

দক্ষিণদেশীয় প্রসিদ্ধ পণ্ডিতগণের দ্বারা প্রপূজিত
হইয়া—শ্রেষ্ঠ সামন্তরাজগণ ও তাঁহাদের অমাত্য-
বর্গের শ্রেষ্ঠা ও সম্মানভাজন শিরোভূষণকূপে যিনি

গৌরগবিন্দি-সর্ব-গোড়-গৌরবার্থ-সজ্জিতং
শাস্ত্র-শস্ত্র-দক্ষ-দুষ্ট-নাস্তিকাদি-লজ্জিতম্।
মুহূর্মাত-মাতৃকাদি-দেহ-জীব-সপ্তরং
প্রেমধার-দেবমেৰ মৌমি গৌর-সুন্দরম্॥ ৩৩

(সাম্প্রদায়িক বিধানালুসারে) জন্মভূমি, গঙ্গা ও
মাতার দশনের জন্ম শেষবারের মত একবার গৌড়-
দেশে পদার্পণ করিয়াছেন—সেই দেবতা প্রেমময়-
মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব করি ॥ ৩২

শ্রীগৌরাঙ্গের ঘোরাশি সমস্ত বঙ্গদেশ প্লাবিত
করায় সারা বাংলা তখন শ্রীগৌরাঙ্গ-গর্বে গবিত
হইয়া যে অনন্তসাধারণ মহাপুরুষের সমৰ্দ্ধনার জন্ম
উথিত হইয়াছে ও কেবল নাস্তিক শ্রেণীর কিছু কিছু
বিদ্যা-বলগবর্ণ ব্যক্তি যে গৌরচন্দ্রের উদ্দেশ্যে সমগ্র
দেশের আপামর জনসাধারণের শৰ্দ্দা প্রদর্শনের
উন্মাদনা দশনে নিজেদের হীনতায় লজ্জাবোধ
করিয়াছে এবং যিনি পুনর্দৰ্শন দ্বারা ঠার নিদারণ
বিচ্ছেদে মৃতপ্রায় জননী ও ভক্ত-স্বজনের দেহে নৃতন
প্রাণ সঞ্চার করিয়াছেন—সেই দেবতা প্রেমময়-মূর্তি
শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব করি ॥ ৩৩

ন্যাস-পঞ্চ-বৰ্ষ-পূর্ণ-জন্ম-ভূমি-দশ লং
 কোটি-কোটি-লোক-লুক্ষ-মুক্ষ-দৃষ্টি-কৰ্ষণম্।
 কোটি-কঠ-কৃষ্ণনাম-ঘোষ-ভেদিতামুরং
 প্রেম-ধাম-দেবমেৰ বৌমি গৌর-সুন্দরম্॥ ৩৪

আত্ম-ভন্ত-শোক-শান্তি-তাপি-পাপি-পাবনং
 লঙ্ঘ-কোটি-লোক-সঙ্গ-কৃষ্ণ-ধাম-ধাবনম্।
 রাম-কেলি-সাগ্রজাত-রূপ-কৰ্ষণাদুরং
 প্রেম-ধাম-দেবমেৰ বৌমি গৌর-সুন্দরম্॥ ৩৫

সন্ন্যাস গ্রহণেৰ পৱ দীৰ্ঘ পাঁচ বৎসৱ পূর্ণ হইলে
 যিনি জন্মভূমি শ্রীনবদ্বীপে একবাৰ আগমন কৱেন—
 যখন আবাল-বৃন্দ-বনিতা—কোটি কোটি দেশবাসী—
 আকুল নয়নে, শুণ-বিশ্বল দৃষ্টিতে অন্তরাত্মাৰ আকৰ্ষণ-
 কাৰীৰ দিকে চাহিয়াছে, এবং যাহাৰ উদ্বীপনায়
 সমবেত জনতা-কঢ়েৱ মুহূৰ্তঃ শ্রীহরিধ্বনিৰ উচ্চৱৰ
 গগন-পবন ভেদ কৱিয়া দিগ্দিগন্তে ধাবিত হইয়াছে
 —সেই দেবতা প্ৰেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দৱেৱই
 আমি স্তব কৱি ॥ ৩৪

বিৱহ-কাতৱ নিজ ভক্তজনেৰ বিৱহবাথা অপ-
 মোদন কৱিয়া এবং (চাপাল-গোপালাদি অপৱাধ

ব্যাপ্তি-বারণন-বনা-জন্ম-কৃষ্ণ-গায়কং
 প্রেম-নৃত্য-ভাব-মত্ত-বাড়খণ্ড-নায়কম্।
 দুর্গ-বনা-মার্গ-ভট্ট-মাত্র-সঙ্গ-সৌকরং
 প্রেম-ধার-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্॥ ৩৬

প্রত্যু-জনের অপরাধ ও বেদন। শাস্তির বিধান
 করিয়া—যিনি (গঙ্গাতীরপথে) বৃন্দাবনাভিমুখে
 ধাবিত হইতেছেন এবং লক্ষ-কোটি লোক (জন-সমুদ্র)
 যাহার পশ্চাক্ষাবন করিতেছে কিন্তু (তাৎকালিক
 বাঙ্গালার রাজধানী গৌড়ের নিকট) রামকেলি পর্যন্ত
 গমন করিয়া যে প্রভু (রাজমন্ত্রিদ্বয়—পার্বদত্ত)
 শ্রীরূপ ও তদগ্রহ শ্রীসনাতনের আকর্ষণেই আদর
 প্রদর্শন করেন—সেই দেবতা প্রেমময়-মৃত্তি শ্রীগৌরাঙ্গ-
 সুন্দরেরই আমি স্তব করি ॥ ৩৫

(রামকেলি হইতে গৌড়ের পথে পুরীধামে
 প্রত্যাবর্তন করিয়া মহাপ্রভু বাড়খণ্ডের পথে
 শ্রীবৃন্দাবন চলিলেন ।) বাস্তু, হস্তী ও মৃগাদি বন্ধ জন্ম
 সঙ্গে শ্রীকৃষ্ণনাম কীর্তন করিতে করিতে প্রেমযোগে
 মধুর নৃত্য। সহকারে পরম ভাবোন্মত্ত বেশে বাড়খণ্ডের
 পথযাত্রার যে নায়ক চলিতেছেন ও যিনি সেই ঘোর

গঙ্গ-যাঘুনাদি-বিল্দু-মাধবাদি-মাতনঃ
 মাথুরাত্তি-চিত্তি-যাঘুনাগ-ভাগ-ধাবনম্।
 স্মাৰিত-ত্রজাতি-তীৰ্ত্তি-বিপ্রলষ্ট-কাতনঃ
 প্ৰেম-ধাম-দেবমেৰ বৌমি গোৱ-সুন্দৱম্॥ ৩৭

মাধবেন্দ্ৰ-বিপ্রলষ্ট-মাথুৱেষ্ট-মাতনঃ
 প্ৰেম-ধাম-দৃষ্টকাম-পূৰ্ব-কুঞ্জ-কাতনম্।
 গোকুলাদি-গোষ্ঠ-গোপ-গোপিকা-প্ৰিয়ন্তৰঃ
 প্ৰেম-ধাম-দেবমেৰ বৌমি গোৱ-সুন্দৱম্॥ ৩৮

দুর্গম আৱণ্যপথে মাত্ৰ বলভদ্ৰ ভট্টাচার্যকে সঙ্গী
 কৰিয়া নিৰ্জন ভজনেৱ পৱন সুখ অনুভব কৰিতে-
 ছেন—সেই দেবতা প্ৰেমময়মূৰ্তি শ্ৰীগৌৱাঙ্গ সুন্দৱেৱই
 আমি স্তুতি কৰি ॥ ৩৬

যিনি গঙ্গাতৌৱে (কাশীতে) ও গঙ্গা-যমুনা-সঙ্গমে
 (প্ৰয়াগে) শ্ৰীবিলুমাধবাদি দেববিগ্ৰহগণেৱ মৰ্যাদা
 দান কৰিতেছেন এবং । তৎপৱে শ্ৰীমথুৱা-দৰ্শনেৱ জন্ম
 আৰ্ত্তি সহকাৱে শ্ৰীযমুনা-ধাৱা ধৰিয়া অগ্ৰভাগে দ্রুত
 ধাৰিত হইতেছেন ও শ্ৰীব্ৰজলীলা সূতিপথে আৱকৃ

প্রেম-গুঞ্জনালি-পুঞ্জ-পুষ্প-পুঞ্জ-রঞ্জিতঃ
 গীত-নৃত্য-দক্ষ-পাঞ্চি-বৃক্ষ-লক্ষ-বন্দিতম্।
 গো-বৃক্ষাদি-বাদ-দীপ্ত-পূর্ব-মোদ-মেদুরঃ
 প্রেম-ধ্রাম-দেবমৈব মৌমি গৌর-সুন্দরম্॥ ৩৯

হওয়ায় অতি তীব্র বিরহে কাতর হইয়া পড়িতেছেন
 —সেই দেবতা প্রেমময় মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই
 আমি স্তব করি ॥ ৩৭

যিনি শ্রীমাধবেন্দ্র পুরীর আশ্বাদিত “অযি দীন-
 দয়াজ্ঞনাথ..... কিং করোম্যহম্”, “মথুরা মথুরা
মধুরা মধুরা” প্রভৃতি শ্লোকে উদ্দিষ্ট প্রোষিত
 ভর্তৃক। শ্রীরাধিকার মাথুর বিপ্রলভ্রাবকেই অভীষ্ঠ
 ভজন-পরাকার্ষা বলিয়া অঙ্গীকার করিতেছেন এবং
 যিনি প্রেমলীলা-পীঠস্থান শ্রীবজধামে সমৃপস্থিত হইয়া
 প্রাণ ভরিয়া পূর্ব লীলাস্থলের কুঞ্জ ও কাননসমূহ
 দর্শন করিতেছেন এবং গোকুলাদি দ্বাদশ বনে অবস্থিত
 গোপ-গোপিকা সঙ্গে যাহার নানাশ্রেকার প্রিয়াচরণ
 প্রকট হইতেছে—সেই দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-
 সুন্দরেরই আমি স্তব করি ॥ ৩৮

ପ୍ରେମ-ଶୁଦ୍ଧ-କୁଞ୍ଜ-ଶୁଦ୍ଧି-ମୃତ୍ୟ-କୀର୍ତ୍ତନଃ
 ପ୍ଲାବିତାଶ୍ର-କାଞ୍ଚିତାଙ୍ଗ-ବାସ-ତାତୁରଙ୍ଗତମ୍ ।
 କୃଷ୍ଣ-କୃଷ୍ଣ-ରାବ-ଭାବ-ହାସ୍ୟ-ଲାମା-ଭାଷ୍ଵରଃ
 ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ନୌମି ଗୋର-ଶୁନ୍ଦରମ୍ ॥ ୪୦
 ପ୍ରେମ-ଶୁଦ୍ଧ-ଶୁଦ୍ଧି-କୀର୍ତ୍ତନାକୁଳାରିଟାନ୍ତିକଃ
 ଶ୍ଵାନ-ଧତ୍ୟ-ବାରି-ଧାତ୍ୟ-ଭୂମି-କୁଞ୍ଜ-ଦେଶକମ୍ ।
 ପ୍ରେମ-କୁଞ୍ଜ-ରାଧିକାଥ୍ୟ-ଶାସ୍ତ୍ର ବନ୍ଦତାପରଃ
 ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ନୌମି ଗୋର-ଶୁନ୍ଦରମ୍ ॥ ୪୧

ଶ୍ରୀବୃନ୍ଦାବନେର ବନେ ବନେ ଅମଣକାଲେ ଯିନି ପ୍ରେମ-
 ସଂଲାପପର ଅଶ୍ଫୁଟ ରବ ଭରମ-ନିକର-ଭାଜିତ କୁମୁଦସ୍ତବକ
 ଦ୍ୱାରା ଅଭିନଳିତ ହଟିତେଛେ ଓ ଶ୍ରୀବୃନ୍ଦାବନେର ଲକ୍ଷ ଲକ୍ଷ
 ପାଦପ-ରାଜି-ରାଜିତ—ଶୁଦ୍ଧି-ଗୀତ-କୁଶଳ ବିଚିତ୍ରପକ୍ଷ
 ଦ୍ଵିଜଗଣକର୍ତ୍ତକ ଅଭିସଂସ୍କତ ହଟିତେଛେ ଏବଂ ଗୋଟି-
 ସମୃହଶ୍ରିତ ଗୋ, ମୃଦୁ ଓ ବୃଷଭଗଣେର ସମେହ ଆହ୍ଵାନେ
 ଯାହାର ପୂର୍ବଲୀଲାର ଆନନ୍ଦୋଚ୍ଛାସ ଉଦ୍ଦୀପିତ ହଟିଯା
 ଚିତ୍ରକେ ଏକାନ୍ତ ମେହାପୂର୍ବ ଓ ଅଭିଭୂତ କରିତେଛେ—
 ସେଇ ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ଶୁନ୍ଦରେରଇ ଆର୍ମି
 ସ୍ତବ କରି ॥ ୩୯

ପ୍ରସର ପ୍ରେମମୋଦିଗମେ ବାହୁବୁଦ୍ଧି ରହିତ ହେୟାଯ ଯିନି
ଉନ୍ମାଦପ୍ରାୟ ନୃତ୍ୟ ଓ କୌର୍ତ୍ତନ କରିତେଛେ ଏବଂ ଅବିରଳ
ଧାରାଯ ପ୍ରସରିତ ନୟନଜଲେର ପ୍ଲାବନେ ଯାହାର ତପ୍ତକାଞ୍ଚନ-
କାଣ୍ଡି ହେମକୃଟ ସଦୃଶ ଉତ୍ସତ କଲେବର, ଅରୁଣ ବନ୍ଦନ ଓ
ଚତୁର୍ଦ୍ଦିକଙ୍କ ଭୂମିସମୃଦ୍ଧ ଭାସିଯା ଯାଇତେଛେ ଏବଂ ଯିନି
“କୃଷ୍ଣ କୃଷ୍ଣ” ବଲିଯା ଅତ୍ୟାଚରବେ ବିଭାନ୍ତିମୟ ଶର୍ଦ୍ଦ
ଉଚ୍ଚାରଣ କରିଯା ମହାଭାବାବେଗେ ଅଟ୍ରହାଶ୍ଚାଦି ବିବିଧ
ଭଙ୍ଗିମାଯ ନାନା ବିଲାସେ ଦୀପ୍ତି ପାଇତେଛେ—ସେଇ
ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ସୁନ୍ଦରେରଇ ଆମି
ସ୍ତବ କରି ॥ ୪୦

ଏଇରୂପେ ପ୍ରେମମୋହିତ ହଇୟା ନୃତ୍ୟ କୌର୍ତ୍ତନ କରିତେ
କରିତେ ଯିନି ଆକୁଳ ଆବେଗେ ଅରିଷ୍ଟେର (ଶ୍ରୀରାଧା-
କୁଣ୍ଡର) ସମୀପେ ଉପାସିତ ହଇୟା ଥାକେନ ଏବଂ ସହସା
ଧାନ୍ୟକ୍ଷେତ୍ରେ ଜଳ ସ୍ନାନଧନ୍ୟ କରିଯା ଉହାଇ ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡ—
ଟହା ଜାନାଇୟା ଦିଯା ଥାକେନ ଏବଂ ଦୈତ୍ୟାତି ସହକାରେ
ସେଇ ପ୍ରେମମୟ ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡର “ସଥା ରାଧା.....ଅତାଷ୍ଟ-
ବଲ୍ଲଭା” — ଏଇରୂପ ଶାସ୍ତ୍ରୀୟ ବନ୍ଦନା ଓ ଆଦର କରିତେ
ଥାକେନ — ସେଇ ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-
ସୁନ୍ଦରେରଇ ଆମି ସ୍ତବ କରି ॥ ୪୧

ତିଣ୍ଡି-ତଳଷ୍ଠ-ଘାଘୁନୋଞ୍ଚି-ଭାବତାପ୍ଲୁତଃ
ବିର୍ଜୀଵକ-ରାଧିକାଞ୍ଚ-ଭାବ-ବୈଭବାରୁତମ् ।
ଶ୍ୟାମ-ରାଧିକାଞ୍ଚ-ଗୌର-ତଙ୍ଗ-ଭିଭିକାକରଃ
ପ୍ରେମ-ଧ୍ୟାମ-ଦେବମେବ ନୌମି ଗୌର-ସୁନ୍ଦରମ् ॥ ୪୨

ଶାରିକା-ଶୁକୋଞ୍ଚି-କୌତୁକାଢା-ଲାମ୍ୟ-ଲାପିତଃ
ରାଧିକା-ବାତୀତ-କାମଦେବ-କାମ-ମୋହିତମ୍ ।
(ପ୍ରେମ-ବଶ-କୃଷ୍ଣ-ଭାବ-ଭକ୍ତ-ହୃଦୟମନ୍ତରଃ
(ପ୍ରେମ-ଧ୍ୟାମ-ଦେବମେବ ନୌମି ଗୌର-ସୁନ୍ଦରମ୍ ॥ ୪୩

ଏଟକୁପେ ଶ୍ରୀବ୍ରଜଭୂମିର ବିଭିନ୍ନ ଲୀଲାନ୍ତଳ ସମୂହ ଦର୍ଶନ
କରିତେ କରିତେ ଯିନି ଶ୍ରୀବୁନ୍ଦାବନେ ଦ୍ୱାପର-ୟୁଗେର ମେହି
ମୁଦ୍ରମିନ୍ଦ ତିଣ୍ଡିବୁନ୍ଧତଳେ ଉପବିଷ୍ଟ ହଇୟା ଶ୍ରୀଯମୁନାର
ତରଙ୍ଗ-ଭଙ୍ଗିମାର ଉଦ୍ଦୀପନାୟ ସଖୀଗଣ ସଙ୍ଗେ ଜଳକେଲିର
ନିଗୃତ-ଲୀଲା-ଭାବନାୟ ଅଭିଭୂତ ଥାକେନ ଓ ଏକାନ୍ତେ
ଶ୍ରୀରାଧାମଧୂରିମା ହୃଦୟଙ୍ଗମ କରିତେ କରିତେ ତଦେକାଞ୍ଚ-
ଭାବ ଓ ବିଲାସେ ଆଶ୍ରାମାର ହଇୟା ପଢ଼େନ ଏବଂ
ଶ୍ରୀଶ୍ରୀମନୁନ୍ଦର ଏକାଞ୍ଚଭାବେ ଶ୍ରୀରାଧାଭାବ ବିଭାବିତ
ହୁଏଯାଏ ଯେହାନେ ଶ୍ରୀଗୌରତଙ୍ଗେର ଆଦି ଉଂସ ଫେରୁ

ଶ୍ରୀପ୍ରୟାଗ-ଧାମ-କୁଳ-ରାଗ-ଭକ୍ତି-ସଂଖ୍ୟରେ
ଶ୍ରୀମତୀ ତନାଦି-କାଶି-ଭକ୍ତି-ଶିଳ୍ପତାଦରମ୍ ।

ବୈଷ୍ଣବବାବୁରୋଧ-ଭେଦ-ତିର୍କିରିଶେଷ-ପଞ୍ଜରେ
ପ୍ରେମ-ଧାମ-ଦେବମେବ ତୌମି ଗୋରୁ-ଶୂନ୍ଦରମ୍ ॥ ୪୪

ରଚିତ ହୟ— ସେଇ ଆକରଣେ ଯିନି ଆକରଣପେ ଅବସ୍ଥାନ
କରିତେଛେ— ସେଇ ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-
ଶୂନ୍ଦରେରେ ଆମି ସ୍ତବ କରି ॥ ୪୨

ଯାହାର ଉଦ୍‌ଦେଶ୍ୟେ ଶୁକ-ଶାରୀର କୌତୁକମୟ କଥୋପ-
କଥନ-କ୍ରୀଡ଼ା ପ୍ରଦଶିତ ହୟ ଓ (“ରାଧାସଙ୍ଗେ ଯଦା ଭାତି
...ସ୍ଵୟଂ ମଦନମୋହିତ ” ପ୍ରଭୃତି) ଯାହାତେ ଶ୍ରୀରାଧା-
ବିରହିତ କାମଦେବ ଶ୍ରୀକୃଷ୍ଣ କାମମୋହିତ ବଲିଯା
ଉଲ୍ଲିଖିତ ହଇଯାଛେ ଏବଂ ଇହାତେ ଯିନି ଶ୍ରୀକୃଷ୍ଣର
ପ୍ରେମବନ୍ଧୁତାକୁଳ ଚରିତ-ମାଧୁର୍ଯ୍ୟର ପ୍ରକାଶ ପ୍ରଦର୍ଶନେ
ଭକ୍ତ ହୃଦୟ ଚମତ୍କୃତ କରେନ— ସେଇ ଦେବତା ପ୍ରେମମୟମୂର୍ତ୍ତି
ଶ୍ରୀଗୌରାଙ୍ଗଶୂନ୍ଦରେରେ ଆମି ସ୍ତବ କରି ॥ ୪୩

ଯିନି ଶ୍ରୀପ୍ରୟାଗଧାମେ (ଦଶାଶ୍ଵମେଧ ସାଟେ) ଶ୍ରୀକୁଳକେ
ବ୍ରଜରସ—ସାଧ୍ୟ ସାଧନକ୍ରମେ ଉପଦେଶ କରିଯା ରସ
ବିନ୍ଦୁରେର ଶକ୍ତିସଂକାର କରେନ ଓ ତୃପର କାଶିଧାମେ

ত্যাসি-লক্ষ-তায়ক-প্রকাশানন্দ-তারকং
 ত্যাসি-বাসি-কাশি-বাসি-কৃষ্ণ-তাম-পারকম্ ।
 বাস-তাম্বদাদি-চতু-বেদধী-শুরুন্ধৰঃ
 (প্রেমধাম-দেবমেৰ মৌমি গৌর-শুল্করম্ ॥ ৪৫

শ্রীসনাতনকে শুক্রভজ্ঞ-কথা—সম্বন্ধ, অভিধেয়,
 প্রয়োজন বিচারে বিস্তৃতভাবে শিক্ষাদান করেন এবং
 মহারাষ্ট্ৰীয় বিপ্র ও তপন মিশ্রাদিৰ বিশেষ প্রার্থনায়
 বারাণসীৰ মায়াবাদী সন্ন্যাসীদেৱ সঙ্গে সাক্ষাতে
 বিচারসভায় নির্বিশেষ ব্রহ্মবাদেৱ সক্ষীর্ণ ও মৎস্যরতা-
 পূর্ণ অহংগ্রহোপাসনাৰ অন্ধ ধাৰণা বিধিবন্ত কৰিয়া
 পৰত্বক্ষেৱ আৱাধন্য স্বাধীনতা ঘোষণা কৰেন—সেই
 দেবতা প্ৰেমময়-মূর্তি শ্ৰীগোৱাঙশুল্দৱেৱই আমি স্তব
 কৰি ॥ ৪৪

(শ্রীধীম বৃন্দাবন হইতে শ্ৰীপুৰুষোত্তম প্ৰতা-
 বৰ্তনেৱ পথে প্ৰয়াগে শ্ৰীকৃপশিক্ষা সমাপন কৰিয়া
 শ্ৰাচৈতন্যদেৱ বারাণসী ধামে উপস্থিত হইলেন)—
 কাশীধামে লক্ষ লক্ষ সন্ন্যাসীৰ অধিনায়ক (শ্ৰীশঙ্কৰাচার্য)
 (অতিম) শ্ৰীপ্ৰকাশানন্দ সরস্বতীকে (শাস্ত্ৰ বিচাৰ

ବ୍ରଜ-ସୁତ୍ର-ଭାଷା-କୃଷ୍ଣ-ନାରାଦୋପଦେଶକ ୧

ଶ୍ରୋକ-ତୁର୍ଯ୍ୟ-ଭାଷ୍ମାନ୍ତ-କୃଷ୍ଣ-ସଂଗ୍ରହାଖକମ୍ ।

ଶକ୍ତ-ବଞ୍ଚିତାନ୍ତ-ହେତୁ-ନାମ-ଜୀବ-ଲିଙ୍ଗରାତ୍ର

ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ବୌମି ଗୋର-ସୁନ୍ଦରମ୍ ॥ ୪୬

ଓ ନିଜ ସ୍ଵଚ୍ଛ ପ୍ରେମମୟ ବ୍ୟକ୍ତିତ୍ବେର ପ୍ରଭାବେ) ଯିନି
ବିଦ୍ଵତ୍ତବାଦେର କୁତର୍କ ଗର୍ତ୍ତ ହଇତେ ଉଦ୍ଧାର କରେନ ଓ
ସନ୍ନ୍ୟାସୀ-ବହୁଳ ସମସ୍ତ କାଶୀବାସିକେ ଶ୍ରୀକୃଷ୍ଣନାମ-
ସଂକୌର୍ତ୍ତନେ ଅମନ୍ତ କରିଯା ସଂସାର-ସିନ୍ଧୁ ହଇତେ ପରିତ୍ରାଣ
ଦାନ କରେନ ଏବଂ ଶ୍ରୀନାରଦ-ବ୍ୟାସ-ପରମ୍ପରା-ପ୍ରଦତ୍ତ
ଶ୍ରୋତ-ସିଦ୍ଧାନ୍ତ ସୁଧାବାହୀ ଶ୍ରୀରଥେର ଯିନି ଦିବ୍ୟ ଧୂରନ୍ଧର-
ସ୍ଵରୂପ—ମେହି ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-
ସୁନ୍ଦରେରଟି ଆମି ସ୍ତବ କରି ॥ ୪୫

(କାଶୀତେ ସନ୍ନ୍ୟାସିମଭାୟ ବିଚାରଧାରାର ସଂକିପ୍ତ
ପରିଚୟ) ଯିନି ବ୍ରଜ-ସୁତ୍ର ବ୍ୟାଖ୍ୟାୟ ଶ୍ରୀକୃଷ୍ଣ-ବ୍ରଜ-ଦେବଧି
ପରମ୍ପରା-ପ୍ରାପ୍ତ ବା ସ୍ଵୟଂ ଶ୍ରୀକୃଷ୍ଣବୈପାଯନ ନାରଦେର
ଉପଦେଶେ ଯାହା ପ୍ରଗୟନ କରେନ, ମେହି ବେଦାନ୍ତଭାୟ—
ଶ୍ରୀମନ୍ତାଗବତେର ବିଚାରଇ ଉପଦେଶ କରେନ ଏବଂ ଶ୍ରୀମନ୍-
ଭାଗବତେର ଚତୁଃଶ୍ଲୋକୀ ବ୍ୟାଖ୍ୟାୟ (ଅହମେବାସମେବାଗ୍ରେ...)
ଯିନି ଚରାଚର ବିଶ୍ୱେର ମୂଳ ଆକର୍ଷଣ୍ୱତ୍ତ ରୂପେ ଅଦ୍ୟଜ୍ଞାନ

আত্ম-রাম-বাচনাদি-নিবিশেষ-ঞ্জনঃ
 শ্রোত-বাক্য-সার্থক-চিহ্নিলাম-মণ্ডনম্ ।
 দিব্য-কৃষ্ণ-বিগ্রহাদি-গৌণ-বুদ্ধি-প্রিকরঃ
 প্রেম-ধাম-দেবমৈর নোমি গৌর-সুন্দরম্ ॥ ৪৭

স্বয়ং ভগবান् শ্রীকৃষ্ণকেই সম্প্রকাশ করেন এবং
 “অনাৰুত্তিৎ শব্দাঃ অনাৰুত্তিৎ শব্দাঃ” সূত্রের অর্থ
 প্রকাশে যিনি শব্দ-ব্রহ্ম বা কৃষ্ণনামকেই জীবের
 আবর্তন-নিরারক নিঃশ্বেষমস্তুপে প্রতিপাদন করেন
 —সেই দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই
 আমি স্তুব করি ॥ ৪৬

শ্রীমন্তাগবতের সুপ্রসিদ্ধ “আত্মারামাশ্চ” শ্লোকের
 (দ্঵িষষ্ঠি-প্রকার) ব্যাখ্যা দ্বারা যিনি শঙ্করাচার্য-
 প্রবর্তিত নিবিশেষ ব্রহ্ম-বাদ খণ্ডন করেন ও
 “অপাণি-পাদো জবনো গ্রহীতা পশুত্যচক্ষুঃ স
 শৃণোত্যকর্ণঃ” প্রভৃতি বহু শ্রতিবাক্য সমূহের দ্বারা
 অন্বরজ্ঞান শ্রীভগবানের চিন্ময়-লীলা-মাধুর্যের শোভা
 প্রকাশ করেন এবং যিনি অপ্রাকৃত অর্চাবিগ্রহাদিকে
 (ভগবন্নাম-রূপ-গুণ-লীলা প্রভৃতিকে) মায়িক (মায়া-

ত্রঞ্জ-পারমাত্মা-লক্ষণাদ্বয়েক-বাচনঃ

শ্রীগ্রজ-স্বসিন্দ্র-তন্ত্রলীল-তন্ত্র-তন্ত্রতম্ ।

শ্রীরস-স্বরূপ-রাস-লীল-গোপ-সুন্দরঃ

প্রেম-ধার-দেবমেৰ বৌমি গৌর-সুন্দরম্ ॥ ৪৮

কল্পিত) সত্ত্বগণেৰ বিকার-মাত্ৰ—মায়াবাদেৱ এই
ঘৃণিত ধাৰণাকে অত্যন্ত ধিক্কার দেন—সেই দেবতা
প্ৰেমময়-মূর্তি শ্ৰীগৌৱাঙ্গ-সুন্দৱেৱই আমি স্তব কৰি ॥

৪৭

জ্ঞানী ও যোগিগণেৰ ত্রঞ্জ-পরমাত্মা রূপ মূল-
প্রতিম তত্ত্বব্যক্তে যিনি (শ্ৰীভগবতেৱ “ত্রঙ্গেতি
পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে” বচন দ্বাৰা)
ক্ৰোড়ীভূত কৰিয়া অদ্বয়জ্ঞানেৰ স্বরূপ—পৰম মৌল
সমৰ্পক্ততত্ত্ব শ্ৰীভগবৎ-তত্ত্ব স্বরূপেৰ অন্তুভুক্ত কৱেন এবং
শ্ৰীভগবানেৰ স্বতঃসিদ্ধ আনন্দময়তাৰ নিগৃত লীলা
উদ্ঘাটন প্ৰসঙ্গে যিনি বৈকুঞ্ছোপনি (বৈকুঞ্ছাজনিতো
বৰা মধুপূৰী) নিত্যত্ৰজে বাংসল্যৱস প্ৰয়োজনে
বিশুদ্ধ সেবায় অদ্বয়তত্ত্বেৰ নন্দননন্দন সিদ্ধিৰ দিগ-
দৰ্শন দেন এবং পৱিশেষে রসতত্ত্বেৰ স্বরূপ বিচাৰে
সৰ্ববৰসেৱ সমাহাৰ আৰ্দ্ধ ও মুখ্য রসাশ্ৰয়ে অখিল

ব্রাহ্মিকা-বিনোদ-মাত্র-তত্ত্ব-লক্ষণাত্মকঃ
 সাধুসঙ্গ-কৃষ্ণ-লাভ-সাধারণক-বিশেষয়ম্।
 প্রেম-সেবাত্মক-মাত্র-সাধা-কৃষ্ণ-তৎপরঃ
 প্রেম-ধীম-দেবমের লৌমি গৌর-সুন্দরম্ ॥ ৪৯

রসায়তমূর্তি শ্রীগোপীজনবল্লভেরই স্বয়ং ভগবত্তার
 স্বরূপতা-নির্ণয় ও সর্বাচিন্তা পরাত্পর ধামে স্বরূপ-
 শক্তির চিন্মুকীলারস-রঙ-বিলাসময় (সত্যং শিবং সুন্দরম্)
 সুন্দরের রাসবিলাসই (প্রিয়-রস-প্লাবন) জীবের
 সর্বোত্তম লক্ষ্যস্থল বলিয়া যিনি ইঙ্গিত করেন— সেই
 দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি
 স্তব করি ॥ ৪৮

এইরূপে যিনি সমস্ত শ্রীত-সিদ্ধান্তের পরম
 সারাংসার স্বরূপে শ্রীরাধা-বিনোদকেই একমাত্র মূল
 সম্বন্ধ-তত্ত্ব ও সাধুসঙ্গে শ্রীকৃষ্ণনাম কৌর্তনকেই একমাত্র
 অভিধেয় এবং গোপীজনবল্লভ শ্রীরাধাকান্তের প্রেম
 সেবাতেই একমাত্র প্রয়োজন রূপে— সুধীজন-সভায়
 সর্বোত্তম সিদ্ধান্ত প্রদান করেন— সেই দেবতা প্রেম-
 ময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব করি ॥ ৪৯

ସ୍ଵପ୍ନେନ୍ଦ୍ର

ଆତ୍ମ-ରାମ-ଶକ୍ତି-ବ୍ରିଷ୍ଟିକାର୍ଥ-ଦଶିତଃ
କର୍ଦ୍ଦ-ସଂଧ୍ୟା-ଶକ୍ତ-ଜୀବ-ସହ୍ୟ-ସମ୍ମୁଦ୍ରମ୍ ।
ସର୍ବ-ସର୍ବ-ସୁନ୍ତ୍ର-ତତ୍ତ୍ଵଦର୍ଥ-ଭୁରିଦାକରଣଃ
ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ବୌମି ଗୌର-ସୁଲଦରମ୍ ॥ ୫୦

ଆମନା ତନାମୁ-କୃପ-ଜୀବ-ସମସ୍ତଦାୟକଃ
ଲୁପ୍ତ-ତୀର୍ଥ-ଶୁଦ୍ଧ-ଭକ୍ତି-ଶାନ୍ତି-ସୁପ୍ରଚାରକମ୍ ।
ଲୋଲ-ଶେଳ-ନାନ୍ଦ-ପୀଠ-ନୈଜ-କାର୍ଯ୍ୟ-ମୌକରଙ୍ଗ
ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ବୌମି ଗୌର-ସୁଲଦରମ୍ ॥ ୫୧

ଶ୍ରୀଭାଗବତର ସୁପ୍ରସିଦ୍ଧ “ଆତ୍ମାରାମାଶ୍ଚ....
ଇଥିନୁତ୍ତମେ ତରିଃ” ଶ୍ଲୋକେର ବ୍ୟାଖ୍ୟାଯ ଯିନି (ଶ୍ରୀସମା-
ତନେର ଓ ପରେ ଅକାଶନନ୍ଦେର ନିକଟ) ୬୨ ଅକାର
ଅର୍ଥ ଏକାଶ କରେନ— ଏହି ଶ୍ଲୋକେର ଏକାଦଶପଦେର
ବିବିଧ ଆଭିଧାନିକ ଅର୍ଥସମୂହ ପରମପର ପୃଥକ ପୃଥକ
ସଂଯୋଜନା ଦ୍ୱାରା ଶୁଦ୍ଧଭକ୍ତିସିଦ୍ଧାନ୍ତ-ସମ୍ମତ ସୁପ୍ରଚୂର
ଅର୍ଥ ସମ୍ପଦେର ଆକର ରୂପେ ଏହି ଶ୍ଲୋକକେ ଅଦର୍ଶନ
କରେନ— ସେଇ ଦେବତା ପ୍ରେମମୟ-ଶୁଦ୍ଧି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-
ସୁଲଦରେରଟ ଆମିନ୍ତବ କରି ॥ ୫୦

ত্যাগ-বাহ্য-ভোগ-শুন্ধি-তীব্র-দণ্ড-বিল্দতঃ
রায়-শুন্ধ-কৃষ্ণ-কাম-সেবনাভি-বল্দতম্।
রায়-রাগ-সেবনোন্ত-ভাগ্য-কোটি-দুষ্করঃ
প্রেম-ধাম-দেবমেব বৌমি গৌর-সুন্দরম্॥ ৫২

শ্রীসনাতন ও তদনুগ শ্রীরূপ এবং শ্রীজীবাদি
গোস্বামিবর্গকে অনুপ্রাণিত করিয়া যিনি নিজ সম্পদায়
প্রকাশ করেন এবং লুপ্ততীর্থ ও শুন্ধভক্ষণান্ত্র (বিধি
রাগ ও বিচার সমন্বিত) সুষ্ঠুভাবে প্রচারের ব্যবস্থা
করেন, এবং নীলাচলনাথ শ্রীজগন্নাথদেবের সেবক-
গণের সন্নিকটেই স্বীয় আরাধনার স্বরূপ প্রকাশে
আদর প্রদর্শন করেন—সেই দেবতা প্রেমময়-মূর্তি
শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব করি ॥ ৫১

যিনি—বাহিরে ত্যাগি-বেশধারী ও গোপনে
ভোগবাহ্য চরিতার্থকারীকে (মর্কট বৈরাগীকে)
তীব্রভাবে গর্হণ করেন, অথচ রায় রামানন্দের শ্রায়
উচ্চাধিকারী বৈষ্ণবের রাগমার্গের গৃত সেবাচেষ্টা
প্রদর্শনকে (শ্রীজগন্নাথদেবের সম্মুখে নাট্যাভিনয়
শিক্ষার জন্য দেবদাসীগণের সঙ্গে অসঙ্কোচ ব্যবহারকে)

শ্রীপ্রয়াগ-ভট্ট-বল্লভক-লিষ্ট-সেবনঃ
 তীল-শল-ভট্ট-দত্ত-রাগ-মার্গ-রাধনম্।
 শ্রীগদাধরাপিতাধিকার-মন্ত্র-মাধুরঃ
 প্রেম-ধাম-দেবমেৰ বৌমি গৌর-সুন্দরম্॥ ৫৩

অভিনন্দিত করেন এবং সঙ্গে সঙ্গে রামরায়ের রাগ-
 সেবার অধিকারকে কোটি কোটি জন্মের স্থুলভ
 ভাগ্যজন্ম সম্পদ বলিয়া ঘোষণা করেন—সেই দেবতা
 প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব করি ॥

৫২

শুন্ধাদৈত সম্প্রদায়ের (উত্তরকালে শুপ্রসিদ্ধ বৈষ্ণব
 আচার্যা) আন্ন-ব্রাহ্মণ শ্রীবল্লভ ভট্ট প্রয়াগধামে ও
 যমুনার অপর পাড়ে আড়াইল গ্রামে নিজ বাটীতে
 যাহার ঐকান্তিক নিষ্ঠার সহিত সেবা করেন এবং
 পরে শ্রীপুরুষোত্তম ক্ষেত্রে যিনি (বাংসলাৱসেৱ
 সেবক) শ্রীবল্লভভট্টকে কিশোৱ কৃষ্ণের মধুৱতিতে
 প্রবেশ দেন এবং শ্রীগদাধর পঞ্জিতের দ্বারা তত্ত্বপঘোগী
 মন্ত্রাদি শিক্ষা ব্যবস্থা করেন—সেই দেবতা প্রেমময়-
 মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব করি ॥ ৫৩

ଶ୍ରୀଷ୍ଵରପ-ରାଘ-ମଞ୍ଜ-ଗାଣ୍ଡିର୍ଯୁଷ୍ଟ୍ର-ଲୀଲତଃ
ଦ୍ୱାଦଶାବ୍ଦ-ବହୁ-ଗର୍ଭ-ବିପ୍ରଲକ୍ଷ୍ମ-ଶୀଳତମ୍ ।
ରାଧିକାପିଙ୍କାଚ-ଭାବ-କାନ୍ତି-କୃଷ୍ଣ-କୃଜ୍ଞରଃ
ପ୍ରେମ-ଧ୍ୟାମ-ଦେବାମେବ ମୌମି ଗୋର-ସୁଲକ୍ଷମ୍ ॥ ୧୪

ଶ୍ରୀଷ୍ଵରପ-କର୍ତ୍ତ-ଲଘୁ-ମାଥୁର-ପ୍ରଲାପକଃ
ରାଧିକାବୁ-ବେଦତାତ୍ତ୍ଵ-ତୀର୍ତ୍ତ-ବିପ୍ରଲକ୍ଷ୍ମକମ୍ ।
ସ୍ଵପ୍ନବଃ-ସମାଧି-ଦୂଷ୍ଟ-ଦିବା-ବର୍ଣ୍ଣନାତୁରଃ
ପ୍ରେମ-ଧ୍ୟାମ-ଦେବାମେବ ମୌମି ଗୋର-ସୁଲକ୍ଷମ୍ ॥ ୧୫

ଅତି ଅନ୍ତରଙ୍ଗ ସଙ୍ଗୀ ଶ୍ରୀଷ୍ଵରପ-ଦାମୋଦର ଓ ଶ୍ରୀରାଘ
ରାମାନନ୍ଦେବ ମଙ୍ଗେ ଯାର ମେହି ଜନମର୍ମଭେଦୀ ଗନ୍ତୀରା-
ଲୀଲାର ପ୍ରକାଶ ପରାକାଷ୍ଠା ଓ ମେହି ଶୁଦ୍ଧିର୍ଯ୍ୟ ଦ୍ୱାଦଶ-ବର୍ଷ-
ବ୍ୟାପୀ ନିଦାରଣ ଶ୍ରୀକୃଷ୍ଣ-ବିରହାପ୍ତି ଉଦ୍ଗୀରଣମୟ ଯାର
ଦିବ୍ୟୋନ୍ମାଦ ସଂଲାପ (ବାହିରେ ବିଷଜ୍ଞାଲୀ ହୟ; ଅନ୍ତରେ
ଆନନ୍ଦମୟ), ଏବଂ ଯିନି ଶ୍ରୀରାଧାର ଅଗାତ ଭାବେ ସର୍ବାତ୍ମ
ପ୍ରଭାବିତ ଓ ଶ୍ରୀରାଧିକାର ଶ୍ରୀଅନ୍ତର୍ଜ୍ୟୋତିଃ ଶୁଶ୍ରୋଭିତ
ମେହି ମଦମତ ଗଜରାଜ ସଦୃଶ ସ୍ଵୟଂ ଗୋବିନ୍ଦ— ମେହି
ଦେବତା ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଗୋରାଙ୍ଗ-ସୁଲକ୍ଷରେରଇ ଆମି କୁବ
କରି ॥ ୧୫

সাত্ত্বিকাদি-ভাব-চিহ্ন-দেহ-দিবা-সৌর্যবং
 কৃষ্ণপ্রম্ভ-ভিন্ন-সঙ্কি-গাত্র-পুষ্প-পেলবন্ধ।
 হৃষি-দীর্ঘ-পদ্ম-গন্ধ-রক্ত-পীত-পাণুরং
 প্রেম-ধাম-দেবমেৰ নৌমি গৌর-সুন্দরম্॥ ৫৬

শ্রীস্বরূপ দামোদরের কণ্ঠ ধারণ করিয়া যিনি—
 শ্রীকৃষ্ণের মথুরা গমনের পর শ্রীমতীর বিরহপ্রলাপ
 সমূহ সখেদে আবৃত্তি করিতে থাকেন ও শ্রীরাধারাজীর
 বেদনা-কাতৰ নিদানুণ বিরহানল প্রদীপ্ত ভাবসমূহের
 অনুভবমুখে আশ্঵াদন করিতে থাকেন এবং যিনি
 সমাধি বিলাসে প্রত্যক্ষীভূত—ইতরজনের স্বপ্ন সদৃশ
 তথ্যসমূহ,—ভারাক্রান্ত হৃদয়ে বর্ণনা করিতে থাকেন
 সেই দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি
 স্তব করি ॥ ৫৫

অষ্ট সাত্ত্বিক ভাবরূপ প্রেমচিহ্নসমূহ যাঁর
 শ্রীগঙ্গের দিব্য শোভা বর্ণন করিতেছে, যিনি কখনও
 শ্রীকৃষ্ণ-রূপ—হৃষ্মমূর্তি, কখনও ভিন্ন-সঙ্কি-সুদীর্ঘ-বিগ্রহ,
 কুমুম-কোমল, পদ্মগন্ধ, যিনি কখনও রক্তবর্ণ, কখন
 পীতবর্ণ, কখন বা মল্লিকা পুষ্পসম শুভ্রবর্ণ সুশোভিত-

ତୀର୍ବ-ବିପଲଷ୍ଟ-ମୁଞ୍ଚ-ମନ୍ଦିରାଗ-ଧାବିତଃ
କୃଷ୍ଣ-କୁପ-ଦିବ୍ୟ-ଗନ୍ଧ-ଲୁଙ୍କ-ଧ୍ୱେନ୍ଦ୍ର-ବୈଷ୍ଣିତମ୍ ।
ବନ୍ଦିତାଳି-କୁଳ-କୃଷ୍ଣ-କେଳି-ଶଳ-କଳରଃ
ପ୍ରେମ-ଧାମ-ଦେବମେବ ବୌମି ଗୋର-ଶୁନ୍ଦରମ୍ ॥ ୫୭

ଇକୁ-ସିଙ୍ଗ-ବୃତା-ଦୀପ୍ତ-କୃଷ୍ଣ-କେଳି-ମୋହିତଃ
ଉଦ୍‌ଘ୍�ର୍ମ-ଶୀଘ୍ର-ଶୁଦ୍ଧ-ଦେହ-ବାତ-ରଙ୍ଗ-ବାହିତମ୍ ।
ଯାମୁତାଳି-କୃଷ୍ଣ-କେଳି-ମନ୍ଥ-ସୌଥ୍ୟ-ସାଗରଃ
ପ୍ରେମ-ଧାମ-ଦେବମେବ ବୌମି ଗୋର-ଶୁନ୍ଦରମ୍ ॥ ୫୮

ରୂପେ ପ୍ରକାଶିତ ହଇତେଛେ—ମେହି ଦେବତା ପ୍ରେମମୟ-
ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ଶୁନ୍ଦରେରଇ ଆମି ସ୍ତବ କରି ॥ ୫୬

ଯିନି—ନିଦାରଣ ବିରହେ ମୋହିତ ଓ କାତର ହଇଯା
ଶ୍ରୀଜଗନ୍ନାଥଦେବେର ଶ୍ରୀମନ୍ଦିରେର ସିଂହଦ୍ଵାରେର ଅଭିମୁଖେ
ଧାବିତ ହନ ଓ ପରକ୍ଷଣେ ଅତି ବିରହେ ଶ୍ରୀକୃଷ୍ଣ-ମୂର୍ତ୍ତିତେ
ତଥାଯ ପତିତ ଥାକେନ ଏବଂ ଶ୍ରୀମନ୍ଦିରେର ତେଲାଙ୍ଗୀ
ଗାଭୀଗଣ ଯାର ମେହି ଶ୍ରୀଅଞ୍ଜ ହଇତେ ନିଃସ୍ତତ ଏକ
ଅଭୂତପୂର୍ବ ଦିବାଗନ୍ଧେର ସୌରଭେ ଆକୃଷ୍ଟ ହଇଯା ମେହି
ଶ୍ରୀଅଞ୍ଜକେ ବେଷ୍ଟନ କରିଯା ଥାକେନ—ମେହି ଦେବତା ପ୍ରେମ-
ମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ ଶୁନ୍ଦରେରଇ ଆମି ସ୍ତବ କରି ॥ ୫୭

ରାତ୍ରି-ଶେଷ-ସୌମ୍ୟ-ବେଶ-ଶାସିତାର୍ଦ୍ଦ୍ଵାନୀ-ସକତଃ
ଭିଷମ-ମଞ୍ଜି-ଦୀପ୍ତ-ଦେହ-ପେଲବାତି-ଦୈଵତମ୍ ।
ଆନ୍ତି-ଭକ୍ତ-ଚକ୍ରତୀର୍ଥ-ହୃଷ୍ଟ-ଦୃଷ୍ଟି-ଗୋଚରଃ
(ପ୍ରେମଧାମ-ଦେବମେବ ବୌମି ଗୋର-ଶୁନ୍ଦରମ ୯ ॥

ଯିନି—(କୋଣ ଏକ ଜ୍ୟୋତିଷ୍ମାମୟୀ ରଜନୀତେ ଭକ୍ତ-
সଙ୍ଗେ ସମ୍ମର୍ତ୍ତୀରେ ଶ୍ରୀକୃଷ୍ଣଲୀଲା-ରମ-ଆସାଦନେ ପରିଭ୍ରମଣ
କରିତେ କରିତେ ଅକ୍ଷାଂ ଶୂର୍ତ୍ତ) ଉଦ୍ବେଲିତ ସିଦ୍ଧୁ-ତରଙ୍ଗେ
ପ୍ରତିବିଧିତ ଚନ୍ଦ୍ରମୂର୍ତ୍ତିର ନୃତ୍ୟ-ଦର୍ଶନେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ଯମୁନା-
ବିହାର ଲୀଲାର ଉଦ୍ଦୀପନାୟ ଅତକିତେ ଅଭିଭୂତ ହଇୟା
ମୁଚ୍ଛିତ ହନ ଓ ପରକଣେ ଅନ୍ତେର ଅଗୋଚରେ ଧୀର ଶୁଣ୍ଠବ୍ୟ
ଆବିଗ୍ରହ (ସମାଧି-ଲଘୁ-କାଷ୍ଟଖଣ୍ଡବ୍ୟ) ସମ୍ମର୍ତ୍ତ-ତରଙ୍ଗେର
ଶିରୋଭାଗେ ଶୟନ କରିଯା ପବନଦେବ କର୍ତ୍ତକ ଲୀଲାୟିତ-
ଛନ୍ଦେ ବାହିତ ହନ ଏବଂ ଯିନି ତ୍ରେକାଳେ ଶ୍ରୀକୃଷ୍ଣର
ସଥୀଗଣସହ ଶ୍ରୀକାଲିନ୍ଦୀ-ଜଳକେଲି-ଦଶନେର ଶୁଗଭୀର
ଶୁଖାରୁଭୂତି-ସାଗରେ ନିମଗ୍ନଥାକେନ—ମେଟେ ଦେବତା ପ୍ରେମ-
ମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ଶୁନ୍ଦରେରଇ ଆମି ସ୍ତବ କରି ॥ ୫୮

ସାରାରାତ୍ରି ଅନ୍ଵେଷଣ କରିତେ କରିତେ ଭକ୍ତଗଣ
ପରିଶ୍ରାନ୍ତ ହଇୟା ନିଶାଶେଷେ ଚକ୍ରତୀର୍ଥ ସନ୍ଧିକଟେ

আঙ্গ-ভঙ্গ-কঠ-কৃষ্ণ-নাম-কর্ণ-হৃদ-গতং

লগ্ন-সঙ্কি-শুষ্টু-দেহ-সর্ব-পূর্ব-সম্মতম্।

অঙ্গবাহ্য-ভাব-কৃষ্ণ-কেলি-বর্ণনাত্মুরং

প্রেম-ধার-দেবমেব মৌমি গৌর-সুন্দরম্॥ ৬০

আর্জ বালুকার উপর যাঁহার—শ্বথ-সঙ্কি, শুদ্ধীর্ঘ
দেবতন্ত্র হটতেও শুকুমার সৌম্যমূর্তি খায়িত অবস্থায়
হঢ়োৎফুল নয়নে দশন করিলেন—সেই দেবতা
প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব
করি॥ ৫৯

ভক্তগণের সকাতর কঢ়ের উচ্চ কৃষ্ণকৌর্তন-ধ্বনি
কর্ণকৃহরে ও মর্মস্থলে স্পর্শ করিবামাত্র অঙ্গ-সঙ্কি
সমূহ ষথাযথ সংলগ্ন হটলে পূর্ববৎ স্বভাব-সুন্দর
বিগ্রহ প্রকাশ করিয়া যিনি অঙ্গবাহ্য অবস্থায় বিরহ-
ভাবাক্রান্ত চিত্তে সমাধি-দৃষ্টি শ্রীকৃষ্ণলীলা সমূহ
বর্ণনা করেন সেই দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-
সুন্দরেরই আমি স্তব করি॥ ৬০

যাঘুতাঞ্চ-কৃষ্ণ-রাধিকালি-কেলি-মঙ্গলং
ব্যক্তি-গুপ্ত-দৃশ্টি-তৃপ্তি-ভঙ্গি-মাদতাকুলম্।
গৃঢ় দিবা-মন্ত্র-মোদ-মুস্তিশ্চতা-চমৎকরণং
প্রেম-ধাম-দেবমেব তৌমি গৌর-সুন্দরম্॥ ৬১

আমা-সংঘর্ষণাদি-চাটকাদি-সিঙ্গু-লীলতং
ভক্তি-মন্ত্র-ভেদি-তীব্র-দুঃখ-সৌখ্য-খেলতং
অত্যাচ্ছিন্না-দিবা-বৈভবাভ্রীতক-শঙ্করং
প্রেম ধাম-দেবমেব তৌমি গৌর-সুন্দরম্॥ ৬২

শ্রীবৃন্দাবনে যমুনাজলে শ্রীরাধা-গোবিন্দের
সখীগণসঙ্গে বিবিধ বিচিত্র ছন্দে জলপিহার—যাহা
কখনও বাস্তু, কখনও শুপ্ত, কখনও দৃশ্য, কখনও বা
পরিত্পু ভঙ্গি পরিগ্রহ করিয়া নানা সন্তোগময়
প্রযত্নে প্রাণ-মন আকুলকারী—সেই অপ্রাকৃত গৃঢ়
আনন্দময় কোষের বিশ্ব-বিস্মাপন মর্ম-সুর-মূর্চ্ছনা—
যিনি বিতানিত করেন—সেই দেবতা শ্রেমময় মৃত্তি
শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি স্তব করি॥ ৬১

যিনি—চটক পর্বত দর্শনে উদ্বীপিত বিচিত্র ভজন-
বিলাস ও অসহনীয় বিরহে শ্রীমুখ সংঘর্ষণাদি অথবা

শ্রোত্র-নেত্র-গতাতীত-বোধ-রোধিতাদ্বৃতং
 (প্রেম-লভ্য-ভাব-সিদ্ধ-চেতনা-চমৎকৃতম্।
 ব্রহ্ম-শঙ্কু-বেদ-তত্ত্ব-মৃগ্য-সতা-সুন্দরং
 (প্রেম-ধ্বাম-দেবমৈব নৌমি গৌর-সুন্দরম্॥ ৬৩

জলকেলি স্মরণে সযুক্তে ঝম্প প্রদানাদি দিবা
 প্রেমোন্মাদের লক্ষণ সমূহ প্রদর্শন করিয়া অপ্রাকৃত
 শ্রীকৃষ্ণে প্রেম-মহাসাগরের সুখ-ছুঁথের উত্তাল-তরঙ্গের
 সৌন্দর্যে গভীরতার দিগ্দর্শনলীল। ভক্তহৃদয়ে
 সঞ্চার করেন এবং যাহা একমাত্র তাঁর একান্ত
 আশ্রিতগণেরই অচিহ্নিমঙ্গল প্রদান করে—সেই
 দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই আমি
 স্মৃত করি॥ ৬২

যাহা চক্ষু ও শ্রতির অগোচর—যাহা বুদ্ধির
 গতিকেও স্তুত করিয়া দেয় এবং যাহা প্রেমাকৃত
 অবস্থায় সুপ্রতিষ্ঠিত চেতনাকেও চমৎকৃত করে
 (অর্থাৎ তাঁদেরও বোধগম্য হয় না) এইরূপ—ব্রহ্মা
 ও শঙ্কু—তাঁদের প্রকাশিত শাস্ত্র—বেদ ও তত্ত্বসমূহ
 যাহাকে কেবলমাত্র অন্বেষণই করিয়া চলিতেছে—

ବିପ୍ର-ଶୂଦ୍ର-ବିଜ୍ଞ-ମୃଥ୍-ସାବତାଦି-ତାମ୍ପଦଃ
ବିଭ୍ର-ବିକ୍ରମୋଚ୍ଚ-ନୀତ୍-ସଜ୍ଜୈତକ-ସମ୍ପଦମ୍ ।
ଶ୍ରୀ-ପୁମାଦି-ନିର୍ବିଵାଦ-ସାକ୍ଷିଵାଦିକୋନ୍ଧରଃ
ପ୍ରେମ-ଧାର-ଦେବମେବ ବୌମି ଗୋର-ସୁଲ୍ଲରମ୍ ॥ ୬୪

ସିଙ୍କ-ଶୂନ୍ତା-ବେଦ-ଚନ୍ଦ୍ର-ଶାକ-କୁଞ୍ଚ-ପୃଣିମା
ସାଙ୍କା-ଚାନ୍ଦକୋପରାଗ-ଜାତ-ଗୋର-ଚନ୍ଦମା ।
ଶ୍ଵାନ-ଦାନ-କୃଷ୍ଣତାମ-ସଙ୍ଗ-ତ୍ରୟ-ପରାହପରଃ
ପ୍ରେମ-ଧାର-ଦେବମେବ ବୌମି ଗୋର-ସୁଲ୍ଲରମ୍ ॥ ୬୫

ମେଟେ ସତ୍ୟଶୁଳ୍ଦର ଦେବତା ପ୍ରେମମୟ-ମୃତ୍ତି ଶ୍ରୀଗୋରାଙ୍ଗ-
ଶୁଳ୍ଦରେରଟ ଆମି ସ୍ତବ କରି ॥ ୬୩

ଯିନି—ବ୍ରାହ୍ମଣ, ଶୂଦ୍ର, ପଣ୍ଡିତ, ମୃଥ୍, ଏମନ କି
ସବନାଦି ଅନାର୍ଥାକୁଳକେଓ ଶ୍ରୀହରିନାମେ ଶୁଦ୍ଧ କରିଯାଛେନ
ଓ ଧନୀ-ନିଧିନ, ସବଲ-ଦୁର୍ବଲ, ସଜ୍ଜନ ମାତ୍ରେରଟ ସମ୍ପଦ-
ସ୍ଵରୂପ ଏବଂ ଯିନି ନାରୀ-ପୁରୁଷ ନିର୍ବିଶେଷେ ସମଗ୍ର ଚିଦଚିତ୍
ବିଶେର ସର୍ବବାଦିସମ୍ମତ ଉଦ୍ଧାରକର୍ତ୍ତା—ମେଟେ ଦେବତା
ପ୍ରେମମୟ-ମୃତ୍ତି ଶ୍ରୀଗୋରାଙ୍ଗ-ଶୁଳ୍ଦରେରଟ ଆମି ସ୍ତବ
କରି ॥ ୬୪

আত্ম-সিদ্ধ-সাবলীল-পূর্ণ-মৌখ্য-লক্ষণঃ
 স্বাত্মভাব-মত্ত-নৃত্য-কীর্তনাত্ম-বন্টনম্।
 অদ্বৈয়ক-লক্ষ্য-পূর্ণ-তত্ত্ব-তৎ-পরাপরঃ
 প্রেম-ধার-দেবমেব ঘোষি গৌর-সুন্দরম ॥ ৬৬

চৌদশত সাত শকে ফাল্গুনী পূর্ণিমায় সন্ধাকালে
 চন্দ্রগ্রহণ যোগে শ্রীগৌরচন্দ্রমা (শচীর অঙ্গনে)
 আবিভূত হন। সেই পরাপর-তত্ত্ব শ্রীগৌরাঙ্গ
 শ্রাহরি যিনি জনগণের পবিত্র গঙ্গাস্নান, নানারত্ন দ্রব্য
 দান ও সর্বোপরি শ্রীহরিনাম-সংকীর্তনসঙ্গে অবর্তীণ
 হন—সেই দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-সুন্দরেরই
 আমি স্তব করি ॥ ৬৫

যিনি—স্বতঃসিদ্ধ সহজ-লীলাময় পরিপূর্ণ আনন্দ-
 তত্ত্বের লক্ষণ সমূহের আকর—যেহেতু আত্ম-স্বীকৃত-
 ভবের আতিশয়ো মত্ততা জনিত নৃত্য ও সেই সুখ-
 বিলাস বা বিভজনের প্রয়াস জনিত কৌর্তন—এই
 দুটি পূর্ণ অদ্বয়তত্ত্বের স্বাভাবিক ও মৌলিক বাস্তব
 লক্ষণ-বিশিষ্ট—অতএব যিনি অসমোর্ধ্ব—একমাত্র
 পরাপর তত্ত্ব—সেই দেবতা প্রেমময়-মূর্তি শ্রীগৌরাঙ্গ-
 সুন্দরেরই আমি স্তব করি ॥ ৬৬

ଶ୍ରୀପୁରୀଶ୍ଵରାବୁକମ୍ପି-ଲକ୍ଷ-ଦୀଙ୍କ-ଦେବତଃ
କେଶବାଥା-ଭାରତୀ-ସକାଶ-କେଶ-ରଞ୍ଜିତମ୍ ।
ମାଧ୍ୟବାବୁଦ୍ଧି-କିଶୋର-କୃଙ୍ଗ-ସେବତାଦରଂ
ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ନୋମି ଗୌର-ସୁଲ୍ଲବମ୍ ॥ ୬୭

ସିଙ୍ଗୁ-ବିଳ୍ଗୁ-ବେଦ-ଚତ୍ର-ଶାକ-ଫାଲ୍ଗୁନୋଦିତଃ
ତ୍ୟାମ-ସୋମ-ମେତ୍ର-ବେଦ-ଚତ୍ର-ଶାକ-ବୋଧିତମ୍ ।
ବାଣ-ବାଣ-ବେଦ-ଚତ୍ର-ଶାକ-ଲୋଚନାତ୍ମରଂ
ପ୍ରେମ-ଧାର୍ମ-ଦେବମେବ ନୋମି ଗୌର-ସୁଲ୍ଲବମ୍ ॥ ୬୮

যେ ଦେବତା ଶ୍ରୀଈଶ୍ଵରପୁରୀପାଦକେ ଧନ୍ୟ କରିଯା ତାହାର
ସମୀପେ ଦୌକ୍ଷା ଗ୍ରହଣେ କୃପା ପ୍ରଦର୍ଶନ କରେନ ଓ କେଶବ
ଭାରତୀର ସକାଶେ କେଶ ମୁଣ୍ଡନ କରିଯା ସନ୍ନାସବେଶ
ଗ୍ରହଣ କରେନ ଏବଂ ଯିନି ଶ୍ରୀମାଧ୍ୟେତ୍ର-ପୁରୀପାଦେର
ପ୍ରଦଶିତ ଶ୍ରୀକିଶୋର-କୃଷ୍ଣେର ମଧୁର ରତିର ସେବାଟ ଶ୍ରେଷ୍ଠ
ବଲିଯା ଆଦର ପ୍ରଦଶନ କରେନ — ସେଇ ଦେବତା ପ୍ରେମମୟ-
ମୃତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ସୁଲ୍ଲବେରଟ ଆମି ସ୍ଵବ କରି ॥ ୬୭

ଯିନି ଚୌଦଶତ ସାତ ଶକେ ଫାଲ୍ଗୁନ ମାସେ ଗୌଡ-

ଶ୍ରୀବ୍ରଜପ-ରାଯ়-সଙ୍ଗ-ହର୍ଷ-ଶେଷ-ଘୋଷଣଃ
ଶିକ୍ଷଣାଷ୍ଟକାଥା-କୃଷ୍ଣ-କୀର୍ତ୍ତିନକ-ପୋଷଣମ୍ ।
ପ୍ରେମ-ଲାଭ-ମାତ୍ର-ବିଶ୍ୱ-ଜୀବନୈକ-ସନ୍ତୁରଃ
ପ୍ରେମ-ଧାର-ଦେବମେବ ବୌମି ଗୌର-ମୁଳଦରମ୍ ॥ ୬୯

ଗଗନେ (ଶ୍ରୀମାଯାପୁରେ) ଉଦିତ ହନ ଓ ଚୌଦଶତ
ଏକତ୍ରିଶ ଶକାବ୍ଦେ ଜଗନ୍ମହାନ୍ତର ଜନ୍ମ ମନ୍ଦ୍ୟାସବେଶ
ଗ୍ରହଣେର ଲୌଲା ପ୍ରକାଶ କରେନ ଏବଂ ଯିନି ଚୌଦଶତ
ପଞ୍ଚାନ୍ତି ଶକେ ଲୋକ-ଲୋଚନେର ଅନ୍ତରାଲେ ଗମନ କରେନ—
ମେଟି ଦେବତା ପ୍ରେମମୟ ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ମୁନ୍ଦରେରଟି ଆମି
ସ୍ତବ କରି ॥ ୬୮

ପରମ ପ୍ରୟପାର୍ବଦ ଶ୍ରୀବ୍ରଜପ ଦାମୋଦର ଓ ଶ୍ରୀରାଯ
ରାମାନନ୍ଦ ସମୀପେ ଯିନି ପରମ ଉତ୍ସାସ ସହକାରେ
ବଲିଯାଛେନ—ଯେ କଲିକାଲେ ଶ୍ରୀକୃଷ୍ଣନାମ ସଂକୀର୍ତ୍ତନଟି
ଜୀବ-ମଙ୍ଗଲେର ପରମ ଉପାୟ—“ହରେ ପ୍ରଭୁ କହେ ଶୁଣ
ସ୍ଵରୂପ ରାମରାୟ । ନାମ ସଂକୀର୍ତ୍ତନ କଲେ ପରମ ଉପାୟ ॥”
ଏବଂ ଯିନି ତାର ସ୍ଵରଚିତ ଶୁଦ୍ଧମିଳି ଶିକ୍ଷାଷ୍ଟିକେ ଶ୍ରୀକୃଷ୍ଣ-
ସଂକୀର୍ତ୍ତନକେଇ ଶ୍ରେଷ୍ଠସ୍ଥାନ ଦିଯାଛେନ ଏବଂ ପ୍ରେମଯୋଗେ
ଶ୍ରୀକୃଷ୍ଣନାମ ଗ୍ରହଣଟି ଜଗଜୀବକେ (ବିଶ୍ୱ-ଚେତନକେ)

ପ୍ରେମ ହେମ-ଦେବ ଦେହି ଦାସରେସ ମନ୍ୟତାଃ
 କ୍ଷମ୍ୟତାଃ ମହାପରାଧ-ରାଶିରେସ ଗଣ୍ୟତାମ୍ ।
 ରୂପ-କିଙ୍କରେସୁ ରାମାନନ୍ଦ ଦାସ-ସମ୍ମରଃ
 ପ୍ରେମ-ଧ୍ୟ-ଦେବମେବ-ଲୋକି ଗୌର-ସୁନ୍ଦରମ୍ ॥ ୭୦

ସମାକରୁପେ ଭରଣ ଓ ପାଲନ କରିତେ ପାରେ—ଏଇରୂପ
 ଉପଦେଶ ଦୃଢ଼ଭାବେ ପ୍ରଦାନ କରେନ—ସେଇ ଦେବତା
 ପ୍ରେମମୟ-ମୂର୍ତ୍ତି ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ସୁନ୍ଦରେଇ ଆମି ସ୍ତବ
 କରି ॥ ୬୯

ହେ ମୋଗାର ଠାକୁର ! (ଶୁଵର୍ଣ୍ଣବର୍ଣ୍ଣ ହେମାଙ୍ଗ) ହେ
 ପ୍ରେମନିଧି ! ତୋମାର ପ୍ରେମଧନ ବିତରଣ କର । ଏ
 ଅଧିମ ଦାସେର କଥା ଏକଟୁ ଚିନ୍ତା କରିଓ, ତାର ଅଶେଷ
 ଅପରାଧରାଶି କ୍ଷମା କରିଓ, ଏବଂ ତୋମାର ଅତି
 ଅନ୍ତରଙ୍ଗ ସେବକ ଶ୍ରୀରୂପେର କିଙ୍କରଗଣେର ଏକଜନ ବଲିଯା
 ଗଣନା କରିଓ—ଏହି ରାମାନନ୍ଦ-ଦାସେର ପାଲନ କର୍ତ୍ତା ଓ
 ଭାଗ୍ୟବିଧାତା ଏକମାତ୍ର ତୁ ମିଠି । ହେ ପ୍ରେମମୟ ମୋଗାର
 ଠାକୁର ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ସୁନ୍ଦର—ତୋମାରଇ ଆମି ସ୍ତବ
 କରି ॥ ୭୦

সশ্রদ্ধঃ সপ্ত-দশকং প্রেম-ধার্মতি-বাসকম্ ।
স্তবং কোহপি পঠন্ত গৌরং ব্রাহ্মণামময়ং ভজে ॥৭৯

পঞ্চমে শতগৌরাদে শ্রিসিদ্ধান্ত-সরন্বতী ।
শ্রিধরঃ কোহপি তচ্ছিষ্যাদ্বিদঙ্গী লোতি সুন্দরম্ ॥৭২

এটি প্রেম-ধার্ম-স্তোত্র নামক স্তব-সপ্ততি যিনি
শ্রদ্ধাযুক্ত হইয়া পাঠ করিবেন, তিনি শ্রীরাধা ভাব-
ভাস্তি-সুবলিত শ্যামসুন্দরস্বরূপ শ্রীগৌরাঙ্গ-সুন্দরের
সেবা লাভ করিবেন ॥ ৭১

পঞ্চম শতগৌরাদে শ্রিসিদ্ধান্ত সরন্বতীর শ্রাধরনামা
কোন এক ত্রিদঙ্গী শিষ্য এই স্তব রচনা করিয়াছেন ॥ ৭২